حِكَايَت - ٦ : حُكِيَ اَنَّ رَجُلًا كَانَ نَائِمًا فِي الْمَسْجِدِ ـ وَمَعَهُ هِمْيَانٌ ـ فَانْتَبَهَ فَلَمْ يَجِدْ هِمْيَانَهُ ـ وَرَاٰى جَعْفَرَ الصَّادِقَ (الطيّار) يُصَلِّيْ ، فَتَعَلَّقَ بِهِ ـ فَقَالَ لَهُ : مَاشَانُكَ؟ فَقَالَ :قَدْ سُرِقَ هِمْيَانِيْ وَلَيْسَ عِنْدِيْ غَيْرُكَ ـ فَقَالَ لَهُ :كَمْ كَانَ فِيْ هِمْيَانِكَ؟ فَقَالَ :اَلْفُ دِيْنَارٍ ـ فَمَضٰى جَعْفَرُ اِلٰى بَيْتِهِ وَاتَاهُ بِاَلْفِ دِيْنَارٍ وَدَفَعَهَا اِلَيْهِ ـ فَذَهَبَ الرَّجُلُ اِلٰى اَصْحَابِهِ ـ فَقَالُوْا لَهُ: هِمْيَانُكَ عِنْدَنَا وَقَدْ مَازَحْنَاكَ ـ فَعَادَ الرَّجُلُ بِالدَّنَانِيْرِ وَسَاَلَ عَنِ الَّذِيْ اَعْطَاهَا لَهُ ـ فَقَالُوْا لَهُ : هُوَ ابْنُ عَمِّ رَسُوْلِ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمْ ـ فَذَهَبَ اِلَيْهِ وَدَفَعَهَا لَهُ فَلَمْ يَقْبَلْهَا ـ وَقَالَ : اِنَّا اِذَا اَخْرَجْنَا شَيْئًا عَنْ مِلْكِنَا لَا يَعُوْدُ اِلَيْنَا ـ رضى اللّٰهُ عنه

(৬) ইমাম জাফর সাদেক (রহ) এর অপূর্ব দান

অনুবাদ॥ বর্ণিত আছে, জনৈক ব্যক্তি মসজিদে ঘুমন্ত ছিলো। তার নিকটে ছিলো একটি থলি। কিছুক্ষণ পর সে নিদ্রা থেকে জাগ্রত হলো কিন্তু তার থলি (মানি ব্যাগ) (খুঁজে) পেলো না। সে জাফর সাদেক (রহ) কে নামাযরত দেখে তাকেই ধরে বসলো। তিনি লোকটিকে জিজ্ঞেস করলেন, কি ব্যাপার? সে বললো, আমার থলে চুরি হয়ে গেছে। অথচ তুমি ব্যতীত অন্য কেউ আমার ধারে কাছে নেই। তিনি তাকে জিজ্ঞেস করলেন, তোমার থলিতে কত ছিলো? সে বললো, এক হাজার স্বর্ণ মুদ্রা, এরপর জাফর সাদেক নিজ গৃহে চলে গেলেন এবং এক হাজার স্বর্ণমুদ্রা এনে লোকটিকে দিয়ে দিলেন। অতঃপর লোকটি তার সঙ্গীদের নিকট গেলো। তারা তাকে বললো, তোমার টাকার থলি তো আমাদের নিকট। আমরা তোমার সাথে কৌতুক করেছি। অতঃপর লোকটি সেই স্বর্ণ মুদ্রা নিয়ে ফিরে আসলো। এবং যিনি তাকে স্বর্ণমুদ্রাগুলো দিয়েছিলেন তার সম্পর্কে লোকজনকে জিজ্ঞেস করলো। তারা বললো, তিনি তো মহানবী (স)-এর চাচাতো ভাই জা'ফর। লোকটি তার নিকট গেলো এবং স্বর্ণমুদ্রাগুলো ফিরিয়ে দিতে চাইলো। কিন্তু তিনি তা গ্রহণ না করে বললেন, আমরা যখন আমাদের মালিকানা থেকে কোনো কিছু বের করি তা আমাদের কাছে ফেরত যায় না। আল্লাহ সর্বজ্ঞ।

তাহকীক : نائما : واحد مذكر ـ اسم فاعل ـ سمع বাবে نَامَ يَنَامُ نَوْمًا اجوف واوى، نِوَام ـ نُوَّم ـ نِيَام ـ نَائِمون বহুঃ ঘুমান, শয়ন করা।

www.islamijindegi.com

هِمْيَان : থলি, টাকার তোড়া, মানিব্যাগ বহুঃ هَمَائِيْن (ض) هَمْيًا প্রবাহিত হওয়া।

اَلْاِنْتِبَاهُ মাসদার افتعال - ماضى - واحد مذكر غائب : اِنْتَبَهَ امم জাগ্রত হওয়া।

لَمْ نَجِدْ : واحد مذكر - نفى جحد بلم - (ض) - وَجَدَ يَجِدُ وِجْدَانا পাওয়া আর وُجُودا অর্থ - বিদ্যমান থাকা। مثال واوى

جَعْفَر : কূপ বহুঃ جَعْفَرٌ - جَعَافِيْر মূলত দু'জন বিশিষ্ট অলীর নাম। একজন হলেন جعفرُ بْنُ محمّدِ بْنِ باقِرِ بْنِ زَيْنِ العَابِدِيْن بن حُسَيْن بن عَلى رض - ইনি সাদিক লকবে ভূষিত ছিলেন। ১৪৮ হি. সনে খলীফা মানসূরের শাসনামলে ইন্তিকাল করেন। অপরজন হলেন রাসূলে করীম (স)-এর চাচাত ভাই جعفرُ بْنُ اَبِىْ طَالِب রাসূল (স)-এর জীবদ্দশায় শহীদ হন। আল্লাহ তাকে বেহেশতে উড়ার সৌভাগ্য দান করেন। বিধায় طَيَّار (উড়ন্ত) লকবে ভূষিত হন। কারো মতে জা'ফর তায়্যার (র) সততার কারণে সাদিক রূপে খ্যাত ছিলেন। এখানে জা'ফর তায়্যার উদ্দেশ্য। কারো মতে জা'ফর সাদিক উদ্দেশ্য।

فَتَعَلَّقَ : واحد مذكر غائب - ماضى বাবে تفعل মাসঃ التعلّق জড়িত হওয়া, সংশ্লিষ্ট হওয়া।

قَدْ سُرِقَ : চুরি হয়ে গেলো, ماضى قريب مجهول - واحد مذكر غائب বাবে ضرب মাসঃ السَّرِقَةُ - السَّرِقَ চুরি করা।

فَمَضٰى : واحد مذكر غائب - ماضى বাবে ضرب মাসঃ اَلْمُضِىُّ অতিক্রম করা, অতিবাহিত হওয়া, এখানে যাওয়া অর্থে। এ থেকে ماضى (অতীতকাল) - ناقص يائى

مَازَحْنَا : جمع متكلم ، ماضى বাবে مُفاعله মাসঃ المُمَازَحَة والمزاح ঠাট্টা করা, মজাক করা, খাসিয়্যত مشاركة (ফায়েল মাফউলের অংশীদারিত্ব)

عَادَ : واحدمذكرغائب - ماضى বাবে نصر মাসঃ العود প্রত্যাবর্তন করা, ফিরে আসা اجوف واوى

سَال : واحد مذكر غائب - ماضى বাবে نتح মাসঃ السُّؤَالُ والمَسْئَلَة জিজ্ঞেস করা, ভিক্ষে করা, চাওয়া مهموز عين

اَعْطا : واحد مذكرغائب - ماضى বাবে افعال মাসঃ الاعطاء দান করা, عَطِيَّة দান, ناقص يائ (ن) عَادَ عِيَادَة রোগীর সেবা করা, খোঁজ নেয়া)।

www.islamijindegi.com

عم : চাচা বহুঃ اعمام ـ مضاعف স্ত্রীঃ عمة ফুফু, বহু عمات

القبول ঃ মাসঃ سمع বাবে نفى جحد بلم، واحد مذكرغائب ঃ لم يقبل গ্রহণ করা।

তারকীব : حُكِيَ اَنَّ رَجُلًا ঃ حكى ফে'ল মাজহূল, ان হরফে মুশাব্বাহ, رجلا ইসম, فِى الْمَسْجِدِ হলো نائما এর সাথে متعلق হয়ে خبر -

وَمَعَهُ الخ : معه জরফ উহ্য كائن এর সাথে متعلق হয়ে خبرمقدم আর همْيان হলো مبتداٴے مؤخر

رَاَى جَعْفَر الخ : جعفر মুবদাল মিনহু, الصادق বদল মিলে জুলহাল, يُصَلِّيْ জুমলা হয়ে হাল, হাল জুলহাল মিলে راى এর মাফউল।

مَاشَانُكَ : مَا টি اى شى এর অর্থে মুবতাদা شانك খবর ...।

قد سُرِقَ لَهُ الخ : هميانى মুরাক্কাবে ইযাফী হয়ে قد سرق এর নায়িবে ফায়েল হয়ে مقوله

لَيْسَ عِنْدِيْ الخ : عندى উহ্য موجود এর সাথে متعلق হয়ে ليس এর খবর, غَيْرُك ইসম।

كَمْ كَانَ الخ : كم মুমায়্যায, এর পরে دينار তমীয মাহযুফ মিলে মুবতাদা, كَان فِى هِمْيَانِكَ জুমলা হয়ে খবর।

فقالَ الفُ دِيْنَارٍ : قال জুমলা হয়ে قول ـ الف دينار মুমায়্যায-তমীয মিলে উহ্য كان এর খবর, كان এর যমীর হলো ইসম। পরে জুমলা হয়ে مقوله

فَقالُوا لَهُ هِمْيَانُكَ : لَهُ মুতাআল্লিক। قالو এর সাথে, هِمْيَانك মুবতাদা, عِنْدَنَا উহ্য موجود এর সাথে মুতাআল্লিক হয়ে খবর।

سَالَ عَنِ الَّذِيْ الخ : سال ফে'ল, عن হরফে জার, الذى ইসমে মওসূল اعْطَاهَا لَهُ জুমলা হয়ে সিলা, মওসূল সিলা মিলে মাজরূর...।

قال اِنَّا اِذًا الخ : انا মূলত ان نا ছিলো। এক নূনকে তাখফীফের জন্য হযফ করা হয়েছে। ان হরফে মুশাব্বাহা نا তার ইসম, اذا শর্তিয়া اَخْرَجْنَاعَنْ مِلْكِنَا শর্ত। لايَعُوْدُ اِلَيْنَا জাযা।

www.islamijindegi.com

حكايت -٧ : حُكِيَ أَنَّ شَابًّا مِّنْ بَنِي إِسْرائِيلَ مَرِضَ مَرَضًا شَدِيدًا ـ فنذرت أُمُّه إنْ عَافاهُ اللّٰهُ مِنْ مَرَضِهِ لتخرُجَنَّ مِنَ الدُّنيا سَبْعَةَ ايَّامٍ ـ فَعافاهُ اللّٰهُ تعَالى مِنْهُ ولمْ تَفِ بِنَذرِها ـ فنامَتْ لَيْلَةً فَاتاها آتٍ وقَال لها أَوْفِي بِنَذْرِكِ لِئَلَّا يُصِيبَكِ مِنَ اللّٰهِ بلاءٌ شديدٌ ـ فلمّا أَصْبَحَتْ دَعَتْ وَلَدَها وَاخبَرَتْه بِالقِصَّةِ ـ وَامرَتْه ان يَحْفِرَ لهَا قبْرًا فِي المَقابِرِ وَيَدْفِنَها فِيْه ـ ففعَلَ ذٰلكَ ـ فلمّا نَزَلَتْ فِي القَبْرِ، قالتْ : إلٰهِيْ وسَيِّدِيْ! قدْ فعلتُ جُهْدِيْ وطَاقَتِي واوْفيْتُ بِنَذرِيْ فَاحْفِظْنِيْ فِيْ هٰذا القَبْرِ مِنَ الآفاتِ ـ فحَثا وَلَدُها عليْها التُّرابَ وَانْصَرَفَ فَرَاتْ مِن جِهَةِ راسِهَا نوراً ساطِعًا وجُحْرًا كَالكُوَّةِ فنظَرَتْ فيْهِ فَرَاتْهُ بُسْتَانًا فيْهِ إمراتانِ فَنادتاهَا : أَيَّتُهَا المَرْاةُ! اُخْرُجِيْ إلَيْنَا ـ فَاتَّسَعَ الجُحْرُ ـ وخَرَجَتْ إلَيْهِمَا ـ

(৭) সাত দিন কবরে অবস্থান

অনুবাদ॥ বর্ণিত আছে, বনী ইসরাঈলের এক যুবক কঠিন রোগে আক্রান্ত হলে তার মা মান্নত করলো– যদি আল্লাহ্ তাআলা তাকে রোগমুক্তি দান করেন তাহলে অবশ্যই সাত দিনের জন্যে দুনিয়া হতে বের হয়ে যাবেন। আল্লাহ্ পাক তাকে রোগ থেকে আরোগ্য দান করেন। কিন্তু সে (মা) তার মান্নত পুরা করলো না। এক রাতে সে নিদ্রিত ছিলো। স্বপ্নে দেখলো, জনৈক আগন্তুক এসে তাকে বলছে, তুমি তোমার মান্নত পুরা করো, যাতে আল্লাহর পক্ষ থেকে কোনো কঠিন মসিবত তোমার উপর না চাপে। ভোরে মহিলা নিজের ছেলেকে ডেকে এ বিষয়ে অবহিত করলো। সে তাকে তার জন্যে কবরস্থানে একটি কবর খননের এবং তাকে দাফনের নির্দেশ দিলো। ছেলেটি মায়ের নির্দেশমত কাজ করলো। সে কবরে অবতরণ করে বললো, হে আমার প্রভূ! আমি তো স্বীয় প্রচেষ্টা ও শক্তি ব্যয় করেছি এবং নিজের মান্নত পূর্ণ করেছি। সুতরাং আপনি আমাকে এ কবরের যাবতীয় বিপদ থেকে রক্ষা করুন। অত:পর তার পুত্র তার কবরের উপর মাটি ফেললো এবং সেখান থেকে চলে গেলো। মহিলাটি তার মাথার দিকে একটি উজ্জ্বল আলো এবং ছোটো জানালার মতো একটি সুড়ঙ্গ দেখতে পেলো। সে সুড়ঙ্গ পথে তাকালে একটি বাগান দেখতে পেলো। তাতে দুইজন মহিলা রয়েছে। মহিলা দু'জন তাকে ডাকলো যে, তুমি আমাদের নিকট আসো। তখন সুড়ঙ্গ পথটি প্রশস্ত হয়ে গেলো এবং কবরের মহিলাটি বাগানে অবস্থিত মহিলা দু'জনের নিকট চলে গেলো।

www.islamijindegi.com

তাহকীক : شَابًّا : যুবক বহু: شُبَّان স্ত্রী, شابة যুবতী বহুঃ شَابَّات - مضاعف

مَرَضَ : واحدمذكر غائب - ماضى বাবে سمع মাসঃ الْمَرْض অসুস্থ/পীড়িত হওয়া, সিফত مَرِضٌ - مَرِيْضٌ রোগী বহুঃ مرضى، مَرَاضٍ

نَذَرَتْ : واحد مونث غائب - ماضى বাবে ضرب মাসঃ نُذُور، نَذْرًا মান্নত মানা। জরুরি নয় এমন কোনো কাজকে নিজের ওপর অবশ্য পালনীয় করে নেয়া। نذر মান্নত বহুঃ نذور

عَافَا : واحد مذكرغائب - ماضى বাবে مفاعلة মাসঃ الْمُعَافَاة ক্ষমা করা, মাদ্দা عافيت - ناقص اوى عفو সুস্থতা।

لم تَفِ : واحد مونث غائب - نفى جحد بلم معروف বাবে ضرب মাসঃ الْوَفَاء পূর্ণ করা, لم تف সে পূর্ণ করেনি, মূলত لم توفى ছিলো, لفيف مفروق মাদ্দা ى - وف افعال হতে الايفاء পূর্ণ করা।

لايُصِيْبُكَ : واحد مذكر غائب - نفى فعل مضارع معروف বাবে افعال মাসঃ الاصابة ঠিক করা المصيبة বিপদপতিত হওয়া মাদ্দা اجوف واوى - صوب

الْقِصَّة : ঘটনা, বহুঃ قصص - مضاعف ثلاثى (ن) বর্ণনা করা।

يَحْفِرُ : واحد مذكزغائب - (ض) الحفر খনন করা।

قبر : সমাধী, কবর, বহুঃ قبور (ن ض) قَبْرًا مَقْبَرًا লাশ সমাহিত করা, مَقْبَرَةٌ গোরস্তান, বহুঃ مَقَابِر

يَدْفُنُ : واحد مذكر غائب - مضارع বাবে ضرب মাসঃ دفنا সমাহিত করা।

نَزَلَتْ : واحد مونث - ماضى (ص) النزول অবতরণ করা, الانزال অবতীর্ণ করা, (س) نزل نزلا সর্দিতে আক্রান্ত হওয়া, نزلة সর্দি, التنزيل অল্প অল্প নাযিল করা।

جُهْد : কষ্ট, পরিশ্রম, (ن) جهد অতিরিক্ত চেষ্টা করা।

طَاقة : শক্তি, ক্ষমতা, (ن) طاق طاقة ক্ষমতাবান হওয়া - طوق اجوف واوى

احفظ : امر واحد حاضر বাবে سمع মাসঃ الحفظ সংরক্ষণ করা।

حَثَا : واحد مذكر غائب - ماضى বাবে نصر মাসঃ الحثاء - حثى নিক্ষেপ করা, ناقص واوى

افاتٌ : افة এর বহুঃ বিপদাপদ।

تُرَاب : মাটি, বহুঃ أَتْرِبَة، تُرْبَانٌ - (س) تَرِبَ تَرَبًا مَتْرَبًا ধূলিযুক্ত হওয়া, অভাবী হওয়া।

اِنْصَرَفَ : واحد مذكر - ماضى - انفعال মাসঃ الانصراف ফিরে যাওয়া।

www.islamijindegi.com

وَجّه تَوجّهَا মুখ ফিরানো (ك) الوجه মর্যাদাবান হওয়া, মাদ্দা وجه - مثال واوى

جِهَة : দিক বহুঃ جِهَات - (ض) وَجَهَ وَجْهًا মুখে মারা,

سَاطِعًا : واحد مذكر - اسم فاعل (ف) سطع سطوعا উঁচু হওয়া, প্রসারিত হওয়া, (س) سطع লম্বা খন্ড হওয়া।

جُحْرٌ ঃ গর্ত, ছিদ্র, বহুঃ جُحْرَةٌ، أَجْحَار، جُحُرٌ، اِنْجَحَرَ গর্তে প্রবেশ করা।

الكُوَّة : জানালা, ভেন্টিলেটার, বহুঃ كوى

بُسْتَانًا : বাগান, বহু : بساتين ফার্সি হতে আরবি, মূলত بوستان ছিলো।

اِتَّسَعَ: واحد مذكر - ماضى বাবে افتعال মাস : الاتساع প্রশস্ত হওয়া, ثلاثى হতে وسع سعة ووسعا প্রশস্ত হওয়া, মূলত اوتسع ছিলো, مثال واوى বাবে افتعال এর فا কালেমায় واو আসায় تا হয়ে ইদগাম হয়েছে।

তারকীব : حُكِىَ اَنَّ شَابًّا الخ : شَابًّا মওসূফ, مِنْ بَنِىْ اِسْرَائيل উহ্য كَائِنًا এর সাথে متعلق হয়ে সিফাত, এ অংশটি ان এর ইসম, আর مرضا شديدا মওসূফ সিফত মিলে مرض এর মাফউলে মুতলাক, অতঃপর জুমলা হয়ে ان এর খবর। তারপর حكى এর নায়িবে ফায়েল।

اِنْ عَافَاهُ اللّٰهُ الخ : ان عافاه পর্যন্ত জুমলা হয়ে শর্ত, لتخرجن ফে'ল ফায়েল, مِنَ الدُّنيا মুতাআল্লিক ও سَبْعَةَ اَيَّام মাফউল মিলে জাযা- এরপর থেকে فاتاها اَتٍ পর্যন্ত ভিন্ন ভিন্ন বাক্য।

قَالَ لَهَا : জুমলা হয়ে قول - بنذرك মুতাআল্লিক, اوفى এর সাথে, لئلا মূলত لان لا ছিলো, ل হরফে জার, ان মাসদারিয়্যা, من الله মুতাআল্লিক يصيبك এর সাথে, بلاءٌ شديدٌ ফায়েল, জুমলা হয়ে মুফরাদের তাবীলে মাজরূর। অতঃপর اوفى এর সাথে মুতাআল্লিক।

وَامَرَتْه اَنْ يَحْفِرَ الخ : ان মাসদারিয়্যা يحفرلها এবং يَدفنُها فيه ভিন্ন ভিন্ন জুমলা হয়ে মুফরাদের তাবীলে হয়ে امرت এর ২য় মাফউল।

فَلَمَّا نَزَلَتْ الخ : فى القبر পর্যন্ত শর্ত, قالت ফে'ল ফায়েল মিলে الهى উহ্য يا সহ نداء, قد فعلت থেকে من الافات পর্যন্ত মা-তূফ وسيدى - قول আলায়হি মিলে جواب نداء ও نداء - جواب نداء মিলে - مقوله

نُورًا سَاطِعًا মওসূফ সিফাত মিলে মা'তূফ আলাইহি, كالكوة উহ্য كائنة এর মুতাআল্লিক হয়ে মা'তূফ, অতঃপর উভয়টি মিলে ت এর মাফউল।

www.islamijindegi.com

فَإذا فِى الْبُسْتَانِ حوضٌ نظيفٌ وهُمَا جَالستانِ عَلَيْه فجلستْ عندَهُمَا وسَلَّمَتْ عَلَيْهِما فلم تَرُدَّا عليها السلامَ ـ فقالتْ لهُمَا : مامَنَعَكُمَا ان تردَّا علىَّ السّلامَ وَانتُما قادِرَتانِ عَلى الْكلامِ ؟ فقالتَا لها : إنَّ السّلامَ طاعَةٌ وقدمُنِعْنَا مِنْها ـ فبَيْنَما هىَ جالسَة عندَ هُمَا وَاذا بطائِرٍ عَلى رَاْسِ احْدٰى الـمَرْاتَيْنِ يَرُوح عليها بِجَناحَيْهِ، وَإذاَ بِطائِرٍ علىٰ رَاسِ الْأُخْرىٰ ينقُرُ راسَها بِمِنْقارِهِ ـ فقَالت لِلْاولىٰ : بِمَاذا نِلْتِ هٰذِه الكرامَةَ ؟ فقالتْ : كانَ لِىْ فِى الدُّنْيا زوجٌ ، كنتُ مُطيْعَةً لَهُ وقدْ خرجتُ مِنَ الدُّنْيا وهوَ عَنِّىْ راضٍ، فاكرَمَنِى اللّٰهُ بِهٰذِهِ الْكرَامَةِ ـ وقَالت لِلْاُخْرىٰ : بِمَاذا اصابَتْكِ هٰذِهِ العُقوبَةُ؟ فقالتْ : إنّىْ كنتُ إمراةً صَالِحةً وكانَ لىْ فِى الدّنْيا زوجٌ وكنتُ عَاصِيَةً لهُ وقدْ خرجتُ مِنَ الدّنْيا وهو سَاخطٌ عَلىَّ ـ

অনুবাদ॥ হঠাৎ সে বাগানে একটি পরিচ্ছন্ন হাউজ দেখলো, মহিলা দু'জন তার নিকটে বসে আছে। মহিলাও উক্ত মহিলা দু'টোর নিকট বসে তাদেরকে সালাম দিলো। কিন্তু মহিলাদ্বয় তার সালামের জবাব দিলো না। সে তাদেরকে জিজ্ঞেস করলো, আমার সালামের উত্তর দিতে তোমাদেরকে কিসে বাধা দিলো অথচ তোমরা দু'জনই কথা বলতে সক্ষম? তারা তাকে বললো, সালাম এক প্রকার ইবাদত। আর আমাদেরকে ইবাদত করা থেকে নিষেধ করা হয়েছে। মহিলাটি উক্ত দুই মহিলার নিকট বসা থাকাকালীন হঠাৎ দেখতে পেলো, যে তাদের একজনের মাথার উপর একটি পাখি বসা, পাখিটি তার উভয় ডানা দ্বারা মহিলাটিকে বাতাস করছে। আর দ্বিতীয় মহিলার মাথার উপর একটি পাখি বসে তার চঞ্চু দ্বারা তাঁর মাথায় ঠোকাচ্ছে। সে প্রথম মহিলাকে জিজ্ঞেস করলো, কোন আমলের বিনিময়ে আপনি এ মর্যাদায় উপনীত হয়েছেন? সে উত্তরে বললো, দুনিয়াতে আমার স্বামী ছিলো, আমি তার অনুগত ছিলাম। আমি দুনিয়া হতে এ অবস্থায় বিদায় হয়েছি যে, তিনি আমার প্রতি সন্তুষ্ট ছিলেন। তাই আল্লাহ তা'আলা আমাকে এ সম্মানে ভূষিত করেছেন। সে অপর মহিলাকে জিজ্ঞেস করলো, কি কারণে তোমার উপর এ আযাব আপতিত হয়েছে? মহিলটি বললো, দুনিয়াতে আমি পুণ্যবতী পুণ্যশীলা মহিলা ছিলাম। দুনিয়ায় আমার একজন স্বামী ছিলেন, আমি তার অবাধ্য ছিলাম, আমি যখন দুনিয়া থেকে বিদায় নিয়েছি, তিনি আমার প্রতি অসন্তুষ্ট ছিলেন।

www.islamijindegi.com

তাহকীক : حَوضٌ : কূপ, ট্যাঙ্কি, বহুঃ أَحْوَاض ـ حِيْضَان (ن) حَاضَ حَوضًا হাউজ বানানো। نَظِيفٌ : পরিষ্কার পরিচ্ছন্ন, نَظُفَ نَظَافَةً পরিচ্ছন্ন হওয়া। حِيَاض

الرَّدُّ : لَم تَرُدَّا নফী জহদ বলম ،تثنية مؤنث غائب বাবে نصر মাস مضاعف ثلاثى - ফেরত দেয়া, এখানে সালামের জবাব দেয়া।

قَادِرَتَان : تثنية مؤنث ـ اسم فاعل - (ض) قُدْرَة ـ قُدْرًا مَقْدُرَةً সক্ষম হওয়া।

جُنَاحَيْن : ডানা, جَنَاح এর দ্বিবচন, বহু : اجنحة - جناح পাপ।

النَّقْرُ চঞ্চু দ্বারা ছিদ্র করা, نَقَرَ عَلَى فُلَانٍ রাগান্বিত হওয়া, مِنْقَار পাখির চঞ্চু।

نَالَتْ : واحد مؤنث ـ ماضى معروف বাবে ضرب মাদ্দা ن ى ل পাওয়া।

زَوجٌ ঃ স্বামী, জোড়, বহুঃ ازواج ـ زوجة ـ جج - ازاويج, স্ত্রীঃ زوجة বহুঃ زوجات

مُطِيعَة : واحد مؤنث ـ اسم فاعل বাবে افعال -الاطاعة আনুগত্য করা, (ن) الطَوعُ অনুগত হওয়া, মাদ্দা طوع ـ اجوف واوى।

رَاضٍ : واحد مذكر ـ اسم فاعل ـ سمع বাবে الرضاء সন্তুষ্টি হওয়া, বহুঃ راضون ـ رضاة ـ رضو মূলত راضو ছিলো। داع এর ন্যায় তা'লীল হয়েছে।

العقوبة : শাস্তি. অন্যায়ের প্রতিশোধ (ن ض) عقب عقبا গোড়ালি দ্বারা আঘাত করা। পেছনে আসা المعاقبة والعقاب পাকড়াও করা; عاقبت পরিণাম।

ساخط : اسم فاعل অসন্তুষ্ট, (ن) سخط ـ سخط অসন্তুষ্ট হওয়া, রাগ করা।

তারকীব : فَإِذَا فِى الْبُسْتَانِ الخ : اذا টি مفاجاتيه, فى البستان উহ্য كائن এর متعلق হয়ে مقدم جز আর حوض نظيف হলো مبتداء مؤخر-

ما منعكما الخ : ما بمعنى اى شى মুবতাদা, تردا এর আলিফ জমীর যুলহাল, على মুতাআল্লিক, واو টি حاليه - انتما মুবতাদা, على الكلام মুতাআল্লিক, قادرتان এর সাথে হয়ে খবর, তারপর সব মিলে হাল, হাল যুল হাল মিলে ফায়েল, على মুতাআল্লিক, السلام মাফউল মিলে মুফরাদের তাবীলে হয়ে منع এর ২য় মাফউল, অতঃপর জুমলা হয়ে খবর।

فَبَيْنَمَا هِيَ جَالِسَةٌ الخ : جالسة عندهما এর সাথে মুতাআল্লিক হয়ে هى মুবতাদার খবর, মুবতাদা খবর মিলে بين জরফ এর মুযাফ ইলাইহি, ما যায়েদা মুযাফ-মুযাফ ইলাই মিলে احس উহ্য ফে'লের সাথে متعلق مقدم - بطائر এর با যায়েদা, طائر হলো احس ফে'লের নায়িবে ফায়েল। على راس উহ্য كائن এর মুতাআল্লিক হয়ে طائر এর ১ম সিফাত, يروح জুমলা হয়ে ২য় সিফাত।

بماذا نلت الخ : ماذا ـ اى شيئ এর অর্থে মাজরূর, (অথবা اى شيئ ـ ما এর অর্থে মুজরূর ذا মওসূল, সামনের সিলা মিলে মাজরূর نلت এর সাথে متعلق مقدم আর نِلْتِ هذا الكرامة সব মিলে জুমলা হয়ে مقوله -

www.islamijindegi.com

فَجَعَلَ اللّٰهُ قَبْرِى روضَةً لِصَلاحِىْ ، وعَاقَبَنِى بِهٰذِهِ العُقُوبَةِ بِسَخَطِ زَوْجِىْ ـ فَاسْئَلُكِ اِذا رَجَعْتِ الى الدّنيا فَاشْفَعِىْ لِىْ عِنْدَ زَوْجِىْ لعَلَّهُ يَرْضٰى عَنِّىْ ـ فلمّا مَضٰى عليْها سبعةُ ايّامٍ ، قالتَا لهَا : قُومِىْ، اُدْخُلِىْ فِىْ قَبْرِكِ .لِاَنَّ ولَدَكِ جَاءَ فِىْ طَلَبِكَ فلمّا دَخلتْ قَبْرَهَا يَحْفِرُ عَليْها وَاخرجَها مِنَ القَبْرِ وذهَبَ بِهَا الى المَنْزِلِ ـ فشاعَ الخَبَرُ اَنَّها وَفَتْ بِنَذْرِهَا فجَاءَ النّاسُ لِزِيَارَتِهَا وجاءَ زوجُ المَرْاةِ الّتِىْ سالَتْهَا الشّفاعَةَ عِنْدَهُ فَاخبَرَتْهُ بِخَبْرِهَا فعُفا عَنْها ـ فرَاتْ فِىْ نَوْمِهَا تِلْكَ المَرْاةَ ـ فقالتْ لَها: قد نَجَوْتُ مِنَ العُقوبَةِ بِسَبَبِكِ ـ فجَزَاكِ اللّٰهُ خَيْرا وعَفا عَنْكِ ـ

অনুবাদ॥ তাই আল্লাহ তা'আলা আমার সততার কারণে আমার কবরকে বাগিচা বানিয়েছেন; তবে আমার স্বামীর অসন্তুষ্টির কারণে আমাকে এ শাস্তি দেওয়া হচ্ছে। আমি তোমার নিকট এ আবেদন জানাই যে, তুমি যখন দুনিয়ায় ফিরে যাবে, তখন আমার স্বামীর নিকট আমার জন্যে সুপারিশ করবে। হতে পারে তিনি আমার প্রতি সন্তুষ্টি হবেন।

এদিকে বনী ঈসরাঈলের মহিলার যখন সাত দিন অতিবাহিত হলো, মহিলা দু'জন তাকে বললো, তুমি উঠো এবং তোমার কবরে প্রবেশ করো, কেননা তোমার ছেলে তোমার সন্ধানে এসেছে। মহিলা যখন তার কবরে প্রবেশ করলো, দেখলো, তার পুত্র তার কবর খনন করছে। অতঃপর সে মহিলাকে বের করে নিজ গৃহে নিয়ে গেলো। (চারদিকে) এ সংবাদ ছড়িয়ে পড়লো যে, সে তার মান্নত পূর্ণ করেছে। লোকজন মহিলাকে দেখার জন্যে ভীড় জমালো। ঐ মহিলার স্বামীও আসলো, যে মহিলা তাকে তার স্বামীর নিকট তার জন্যে সুপারিশ করার আবেদন করেছিলো। তখন সে তার স্বামীকে কবরে শাস্তিরত মহিলার সংবাদ জানালো। ফলে লোকটি তার স্ত্রীকে মাফ করে দিলো। অতঃপর সে উক্ত মহিলাকে স্বপ্নে দেখলো যে, মহিলা তাকে বলছে, তোমার কারণে আমি আযাব হতে নাজাত লাভ করেছি। আল্লাহ পাক তোমাকে উত্তম প্রতিদান দান করুন এবং তোমাকে ক্ষমা করুন।

তাহকীক : اِشْفَعِىْ : واحد مؤنث ـ امر معروف ـ (ف) شَفَعَ شَفَاعَةً حاضر সুপারিশ করা।

www.islamijindegi.com

شَاعَ : واحد مذكر غائب ـ ماضى (ف) شَاعَ شُيُعًا شُيُوعًا مُشَاعًا প্রসার লাভ করা, ~~اجوف~~ يائى

زِيَارَةً : বাবে نصر এর মাসদার, زار مــــزارا زورا زوارا সাক্ষাতের জন্যে যাওয়া।

عَفَا : واحد مذكر غائب ـ ماضى ـ (ن) العفو ক্ষমা করা, ناقص واوى –

نَجَوتُ : واحد متكلم (ن) نجاءا ـ نجاة نجاينجو পরিত্রাণ পাওয়া, মুক্তি পাওয়া, ناقص واوى ।

جَزَا : واحد مذكر غائب ـ ماضى (ض) جَزَاءً جَزَا প্রতিশোধ প্রদান করা, বিনিময় দান করা।

তারকীব : فَلَمَّا دَخَلَتْ قَبْرَهَا الخ : لما শর্তিয়্যা, دخلت قبرها শর্ত, اذا মুফাজাতিয়্যা ফা-জাযাইয়্যা জরফ, يحفر এর মাফউলে মুকাদ্দাম, ولدها মুবতাদা, يحفرُ عليها জুমলা হয়ে খবর, অতঃপর সব মিলে জাযা।

فشاعَ الخَبَرُ : الخبرُ মুবদাল মিন্হু انها وفت بنذرها জুমলা হয়ে বদল, পরে উভয় মিলে شَاعَ এর ফায়েল।

www.islamijindegi.com

حكايت -٨ : حُكِيَ عَنْ عَبْدِ اللّٰهِ بْنِ الْمُبَارَكِ - قَالَ : كُنْتُ بِمَكَّةَ . فَوَقَعَ فِيْهَا قَحْطٌ كَبِيْر وكَانَ النَّاسُ يَسْتَسْقُوْنَ بِعَرَفَاتٍ . فلَمْ يَزْدَادُوْا اِلاَّ شِدَّةً . فَمَكَثُوْا عَلٰى ذَالِكَ جمعةً ثمّ بعدَ الجُمُعَةِ خَرَجُوا الٰى عرفاتٍ . فرايْتُ فيْهم رجُلا اسوَد، ضَعِيْفَ البَدَنِ، فصَلّٰى رَكعَتَيْنِ، ثمَّ دَعا ربَّهُ ثمّ سَجَد . وقَال وعِزَّتِك لاارفعُ راسِيْ مِن السُّجودِ حتّٰى تَسْقِيْ عِبادَكَ . فرايْتُ قطعةً مِّن السَّحَابِ ظهَرَتْ، ثمّ انْضَمَّ اليْها قطعٌ اُخَرُ، ثمَّ اَمْطَرَتِ السَّماءُ كَاَفْوَاهِ القِرَبِ . فحَمِدَ اللّٰهَ وَانْصَرَفَ فَاتبعتُ اِثْرَهُ حتّٰى رَايتُهُ دَخَل مَكانًا فيْه نخاسُ العَبيْدِ فَانصرفتُ . ثمّ اصْبَحْتُ فحَمَلتُ مَعِيْ مِن الدَّراهِمِ وَالدَّنانيْرِ ثمّ جِئْتُ الٰى دَارِالنَّخَّاسِ وقلتُ لَهُ اِنِّيْ مُحتاجٌ الٰى غُلامٍ اَشْتَرِيْهِ .

(৮) দুর্বল গোলামের দু'রাকাত নামায

অনুবাদ॥ হযরত আব্দুল্লাহ ইবনে মুবারক (রহ) হতে বর্ণিত, তিনি বলেন, একদা আমি মক্কায় অবস্থান করছিলাম। সেখানে চরম দুর্ভিক্ষ দেখা দিলো। মানুষজন আরাফাতের ময়দানে বৃষ্টির জন্যে দোআ করছিলো। কিন্তু দুর্ভিক্ষের প্রকোপ আরো বৃদ্ধি পেলো। এই অবস্থায় তাদের এক সপ্তাহ অতিক্রান্ত হলো। (পরের সপ্তায়) জুমুআর পরে মক্কাবাসীগণ আরাফাতের ময়দানে সমবেত হলো। আমি লোকজনের মাঝে কৃষ্ণকায় দুর্বল এক লোককে দেখতে পেলাম। সে দু'রাকাত নামায আদায় করলেন, এরপর স্বীয় প্রতিপালকের সমীপে দোয়া করলেন। সেজদায় গিয়ে বললেন, তোমার ইজ্জতের শপথ! আমি ততোক্ষণ পর্যন্ত সেজদা হতে মাথা উঠাবো না, যতোক্ষণ পর্যন্ত না তুমি তোমার বান্দাদেরকে (বৃষ্টি বর্ষিয়ে) পরিতৃপ্ত করবে। আব্দুল্লাহ ইবনে মুবারক (রহ) বলেন, আমি (আকাশে) এক টুকরো মেঘকে প্রকাশ হতে দেখলাম, এর সাথে আরো কয়েক খণ্ড মেঘ একত্রিত হলো, অতঃপর আকাশ (কলস) মশকের মুখের মতো (মুষলধারে) বৃষ্টি বর্ষণ শুরু করলো। এরপর লোকটি আল্লাহর শুকরিয়া জ্ঞাপন করে চলে গেলেন। আমি তার পেছনে পেছনে এসে তাকে এমন এক ঘরে প্রবেশ করতে দেখলাম যেখানে এক গোলাম ব্যবসায়ী থাকতো। অতঃপর আমি ফিরে এলাম। সকাল হলে আমি আমার সঙ্গে কিছু রৌপ্য মুদ্রা ও স্বর্ণমুদ্রা নিয়ে সেই গোলাম ব্যবসায়ীর বাড়ি গেলাম। আমি তাকে বললাম, আমার একটি গোলাম ক্রয়ের প্রয়োজন।

www.islamijindegi.com

তাহকীক : عبد الله بن المبارك বিশিষ্ট মুহাদ্দিস, ফকীহ, ইমাম ও বযূর্গ ছিলেন। ১১৮ হিঃ সনে জন্ম গ্রহণ করেন। ইমাম আবু হানিফা (র)-এর বিশিষ্ট শিষ্যবৃন্দের অন্যমত। তার থেকে অসংখ্য কারামাত প্রকাশিত হয়। একদা তিনি হাদীসের দরস দিচ্ছিলেন। এমন সময় একটি সাপ নার্গিস বৃক্ষের ডাল মুখে নিয়ে পেছন দিক থেকে তাকে বাতাস করতে থাকে, শেষ বয়সে তিনি কা'বা গৃহের সন্নিকটে অবস্থান গ্রহণ করেন এবং ১৮১ হি. সনে ইহধাম ত্যাগ করেন।

مَكَّة : আরবের বিশিষ্ট নগর, আমাদের নবীজী (সা)-এর জন্ম ভূমি। এর অপর নাম بَكَّة – পবিত্র কুরআনে بَكَّة নামই ব্যবহৃত হয়েছে, এটা بَكٌّ বা مَكٌّ হতে গৃহীত। অর্থ ধ্বংস হওয়া, মক্কার খানায়ে কা'বার সাথে কেউ বে-আদবী করলে নিশ্চিত সে ধ্বংস হতো। বিধায় শহরের নাম بَكَّة বা مَكَّة হয়ে গেছে।

قَحْطٌ : দুর্ভিক্ষ, অনাবৃষ্টি, বহুঃ قحوط (س ف) قَحْطًا قُحُوْطًا বৃষ্টি না হওয়া।

كَبِيرٌ : বড়ো, বহুঃ كِبار - كُبَراء - (ك) كِبَرًا كُبْرٌ বড়ো হওয়া।

يَسْتَسْقُوْن : جمع مذكر غائب - مضارع বাবে استفعال মাসঃ اَلْإِسْتِسْقَاء বৃষ্টি কামনা করা, মাদ্দা سَقْيٌ - ناقص يائي - ثلاثي থেকে اَلسَّقْيُ পান করানো, তৃষ্ণা নিবারণ করা।

عرفات : আরাফা মক্কা থেকে ১২ মাইল দূরের একটি ময়দান, হাজীদের জন্যে ৯ যিলহজ্ব সেখানে একরাত অবস্থান করা ওয়াজিব। দুনিয়ায় আসার পর এ ময়দানে হযরত আদম ও হাওয়ার প্রথম সাক্ষাত বা পরিচয় ঘটে, বিধায় عَرَفَة (পরিচয়) নামে খ্যাতি লাভ করে।

لَمْ يَزْدَادُوْا : جمع مذكر غائب - نفي جحد بلم معروف - বাবে افتعال মাসদার, الازدياد বেশি হওয়া, মূলত لم يزتيدوا ছিলো, ফা কালেমায় ز আসায় افتعال এর تا টি دال হয়ে গেছে। مجرد হতে الزيادة বেশি হওয়া বা বেশি করা।

مَكَثُوْا : جمع مذكر غائب - ماضي, বাবে نصر - মাসদার اَلْمَكْث থেকে যাওয়া, চলা বন্ধ করা।

جُمُعَة : শুক্রবার. এদিনেই হাশরের ময়দানে মানুষ সমবেত হবে বিধায় এ দিনকে يوم الجمعة বলে। الجمع সমবেত হওয়া, জমা করা, বহুঃ جُمُعَاتٌ

اسودُ : واحد مذكر কাল, কালসাপ, স্ত্রীঃ سوداء - কৃষ্ণা, বহুঃ سود।

ضَعِيفٌ : দুর্বল, واحد مذكر - اسم فاعل (ك ن - ا) الضعف والضعافة দুর্বল হওয়া, বহুঃ ضعفة - ضعفاء।

قِطْعَةٌ : খন্ড, অংশ, ভাগ বহুঃ ছন্দ বা ছন্দের কলি اَلْقَطْعُ والمَقْطَعُ কর্তন করা, কাটা।

سَحَابٌ : মেঘ, বহুঃ سحب (ف) السحب মাটিতে হেঁচড়ানো।

www.islamijindegi.com

মضاعف ثلاثي ,মিলিত হওয়া اَلْاِنْضِمَامُ ও الضَّمُّ (ن) انفعال : اِنْضَمَّ ।

اَمْطَرْنَ : الامطار ـ انفعال ـ ماضي ـ جمع مذكر غائب বৃষ্টি বর্ষণ করা, مَطَرٌ বৃষ্টি হতে (ن) المَطَرُ বৃষ্টিপাত হওয়া।

اَفْوَاه : فَمٌ এর বহুঃ মুখ, فم এর মূলরূপ হলো فوه - (ن) فاه فوها বলা, (س) প্রশস্থ গাল হওয়া, اجوف واوى -

قِرَبٌ : قِرْبَة এর বহুঃ মশক, চামড়ার পানির পাত্র, قربة নৈকট্য, (ك) القرب নিকটবর্তী হওয়া।

نُخَّاسٌ : গোলাম ব্যবসায়ী, বহুঃ نخاسون ـ (ن ف) نخس পশুর পশ্চাৎ ভাগে লাঠি বিদ্ধ করে উত্তেজিত করা।

مُحتاج : মুখাপেক্ষী, অভাবী, واحد مذكر ـ اسم فاعل বাবে افتعال মূলত محتيجٌ ছিলো

তারকীব : عن عبد الله بن الخ : عبد الله মুবদাল মিন্‌হু بن المبارك মওসূফ সিফাত মিলে বদল, এসব মিলে মাজরূর। حكاية মাসদারে মাহজুফের সাথে মুতাআল্লিক হয়ে নায়িবে ফায়েল।

فَلَمْ يَزْدَادُوا الا الخ : الا হরফে ইস্তিসনার আগে شيئا মুস্তাসনা মিনহু মাহযূফ, আর شدة মুস্তাসনা মিলে মাফউল। لم يزدادوا ফে'ল ফায়েল মাফউল মিলে جملةٌ فعليه خبريه -

فرايتُ فِيْهِم الخ : رايت ফে'ল ফায়েল, فيهم মুতাআল্লিক, رجلا মওসূফ, اسود ১ম সিফাত, ضيعف البدن ২য় সিফাত মিলে মাফউল।

وعِزَّتِكَ لا ارفعُ : واو কসমিয়্যা, اقسم অর্থে, اقسم ফে'ল-ফায়েল عزتك মাফউল মিলে قسم এবং لا ارفع জুমলা হয়ে جواب قسم - من ـ لا ارفعُ السجود এর ১ম মুতাআল্লিক, حتى হরফে জার, تَسْقِي عِبَادَك জুমলা হয়ে মুফরাদের তাবীলে মাজরূর, জার-মাজরূর মিলে ২য় মুতাআল্লিক।

فرايتُ قطعةً الخ : رايت ফে'ল ফায়েল, قطعه মাফউল, من السَّحاب উহ্য كائنة এর সাথে মুতাআল্লিক হয়ে قطعة এর সিফাত, قطعة মওসূফ সিফাত মিলে জুলহাল, ظهرَتْ জুমলা হয়ে হাল। হাল-জুলহাল মিলে মাফউল رايتُ, ফে'লের।

ثمّ امطرَتِ السَّماءُ : امطرتْ ফে'ল, السماء ফায়েল كافواه القرب মুতাআল্লিক।

حَتّٰى رايتُه الخ : حتى হরফেজার, رايت ফে'ল ফায়েল, ه জুলহাল, دخل ফে'ল ফায়েল, مكانا মওসুফ, فيه ـ كائن এর মুতাআল্লিক হয়ে খবর, نخاس العبيد মুবতাদা, এসব জুমলা মিলে হয়ে সিফাত, دخل এসব মিলে হাল, অতঃপর হাল-জুলহাল মিলে মাফউল।

www.islamijindegi.com

فَعَرَضَ عَلَىَّ نَحْوَ ثَلاثِيْنَ غُلامًا فقلتُ هَلْ بَقِىَ غَيْرُ هُؤلاَءِ؟ قَالَ بَقِىَ غُلامٌ مَشْؤُمٌ، لايُكَلِّمُ احَدًا. فقلتُ : أَرِنِيْهِ. فَأَخْرَجَ الغُلاَمَ الَّذِىْ رَأيْتُهُ بِعَيْنِهِ. فقلتُ بِكَمْ اشْتَرَيْتَهُ ؟ فقالَ بِعِشْرِيْنَ دِيْنَارًا. وهُوَلكَ بِعَشَرَةِ دَنانِيْرَ. فقلتُ لاَ، بَلْ ازيدُكَ سَبْعَةً وَّعِشرِيْنَ دِيْنَارًا وأَخَذْتُ بِيَدِ الغُلامِ وَرَجَعْتُ. فَقَالَ : يَامَوْلاَىَ ! لِمَ اشْتَرَيْتَنِىْ وَانَا لاَأُطِيْقُ خِدْمَتَكَ. فقلتُ :إنَّما اشْتَرَيْتُكَ لِتَكُوْنَ أَنْتَ مَوْلاىَ وانا خَادِمُك. فَقَالَ لِىْ : لِماذَا تفعَلُ ذٰلكَ ؟ فقلتُ : رَايتُكَ بِالأَمْسِ قد دَعوْتَ اللّٰهَ تَعالٰى فاجابَكَ. فعَرفْتُ كرامَتَك عَلَيْه. فقالَ لِىْ : قد رايْتَ ذٰلِكَ. قلتُ نَعَمْ. قالَ : فهَلْ تُعْتِقُنِىْ ؟ فقلتُ : انتَ حُرٌّ لِوَجْهِ اللّٰهِ تَعالٰى. فسَمِعْتُ هَاتِفًا لاَارٰى شَخْصَهُ يَقولُ : يَا ابْنَ المُبارَكِ ! اَبْشِرْ فقدْ غَفَرَ اللّٰهُ لَكَ.

অনুবাদ॥ সে আমার সামনে প্রায় ত্রিশটি গোলাম উপস্থিত করলো। আমি বললাম– এগুলো ব্যতীত আর কোনো গোলাম আছে কি? সে বললো, হ্যাঁ! আছে। একটি দুর্ভাগা গোলাম। সে কারো সাথে কথা বলে না। তখন আমি বিক্রেতাকে বললাম, আমাকে সে গোলামটিও দেখাও। অতঃপর সে ঐ গোলামটিকে বের করলো যাকে আমি (গতকাল) দেখেছিলাম। আমি তাকে বললাম, তুমি একে কত দ্বারা ক্রয় করেছো? সে বললো, বিশ দিনারে, কিন্তু আপনার জন্যে এর মূল্য দশ দীনার। আমি বললাম– না, বরং আমি তোমাকে সাতাশ দীনার (সাত দীনার বেশি) দেবো। এ কথা বলে আমি গোলামটির হাত ধরে নিয়ে এলাম। গোলাম আমাকে বললো, হে আমার মনিব! আপনি আমাকে কেন ক্রয় করেছেন? আমি আপনার খিদমত করার ক্ষমতা রাখি না। আমি বললাম, আমি তোমাকে এ উদ্দেশ্যে ক্রয় করেছি যে, তুমি আমার মনিব হবে, আর আমি তোমার খাদিম (সেবক) হবো। সে বললো, আপনি এরূপ করবেন কেন? আমি বললাম, গতকাল আমি তোমাকে দেখেছি, তুমি আল্লাহর দরবারে দোআ করছো, তিনি তোমার দোআ কবুল করেছেন। এ থেকে আল্লাহর নিকট তোমার (কতটুকু) মর্যাদা (তা) আমি বুঝতে পেরেছি। গোলাম আমাকে বললো, সত্যিই কি আপনি তা প্রত্যক্ষ করেছেন? আমি বললাম, হ্যা! সে বললো, আপনি কি আমাকে আযাদ করে দেবেন? আমি বললাম, হ্যাঁ! তুমি আল্লাহর ওয়াস্তে আযাদ। এ সময় আমি এক গায়েবী আওয়াজ শুনতে পেলাম। তবে আওয়াজ দাতার আকৃতি দেখতে পেলাম না। তিনি বলছেন, হে ইবনুল মুবারক। তুমি সুসংবাদ গ্রহণ করো। আল্লাহ পাক তোমাকে ক্ষমা করে দিয়েছেন।

www.islamijindegi.com

তাহকীক : أَشْتَرِيْ : واحد متكلم ـ مضارع ـ افتعال কিনবো الشِّرَاءُ ও الْإِشْتِرَاءُ ক্রয় করা। (ض)

مَشْؤُمٌ : واحد مذكر ـ اسم مفعول কুলক্ষণে (ف) شام কুলক্ষণে হওয়া, مهموز عين -

لَا يُكَلِّمُ : واحد مذكر غائب ـ مضارع منفى বাবে تفعيل কথা বলবে না।

عَيْنٌ : জাত-সত্তা, চোখ, হাঁটু, সূর্য, ঝর্ণা, বহুঃ اعين ، عيون ـ اعيان -

لا أُطِيْقُ : واحد متكلم ـ مضارع منفى ক্ষমতা রাখিনা, বাবে افعال - মাদ্দা طَوْق ـ اجوف واوى।

تُعْتِقُ : واحد مذكر حاضر ـ مضارع বাবে افعال - الاعتاق আযাদ করা, দাসত্ব মুক্ত করা।

هَاتِف : اسم فاعل গায়েবী আওয়াজ দাতা, টেলিফোন, বহুঃ هواتف।

شَخْصٌ : দেহধারী বস্তু যা দূর থেকে দেখা যায়, বহুঃ اشخص ـ اشخاص।

তারকীব : قوله فعَرَضَ عَلَيَّ الخ : فا তা'কিরিয়্যা, عرض ফে'ল هو যমীর মুস্তাতির ফায়েল, عَلَيَّ জার-মাজরূর মিলে عرض এর সাথে মুতাআল্লিক نحو মুযাফ, ثَلَاثِيْنَ মুযায়্যাম, غلاما তমীয মিলে মুযাফ ইলায়হি, মুযাফ ইলায়হি মিলে عرض এর মাফউলে বিহি।

فقلتُ هَلْ بَقِيَ الخ : قلت ফে'ল-ফায়েল মিলে জুমলা হয়ে قول আর هل হরফে ইস্তিফহাম, بقى ফে'ল غير মুযাফ ও هؤلاء মুযাফ ইলায়হি মিলে ফায়েল, ফে'ল-ফায়েল মিলে مقوله -

لَابَلْ أَزِيْدُكَ : لا এর আগে أَشْتَرِيْ بِعَشَرَةِ دَنَانِيْرَ উহ্য রয়েছে, সুতরাং এটাই এক জুমলা। بَلْ أَزِيْدُكَ الخ ভিন্ন জুমলা - بل হরফে আত্‌ফ, ازيد ফে'ল ফায়েল, سَبْعَةَ عَشَرَ মুমায়্যায, دِيْنَار তমীয মিলে মাফউল।

لِتَكُوْنَ : إِنَّمَا اِشْتَرَيْتُكَ الخ মুতাআল্লিক اشتريت ফে'লের সাথে لِتَكُوْنَ এর লামটি لام كى এর পরে ان উহ্য রয়েছে, تكون ফে'লে নাকিস, যমীর انت ـ موكد হলো تاكيد ـ تاكيد ও موكد মিলে ইসম, مولاى খবর, পরে এসব মিলে মাসদারের তাবীলে মাজরূর। অতঃপর اشتريت এর সাথে মুতাআল্লিক।

قوله فسمعتُ هَاتِفًا الخ : فسمعتُ ـ هَاتِفًا এর মাফউল, لاارى شخصه জুমলা হয়ে هاتفا এর সিফাত, يا ابن المبارك নেদা, ابشر জওয়াবে নেদা মিলে مقوله হলো يقول এর, قول ও مقوله মিলে هاتفا থেকে হাল।

www.islamijindegi.com

ثُمَّ اَسْبَغَ الْغُلَامُ الْوُضُوْءَ وصَلّٰى رَكْعَتَيْنِ . ثمّ قال : الحَمْدُ لِلّٰه هٰذا عِتْقُ مَوْلَاىَ الْاَصْغَرِ، فَكَيْفَ يَكُونُ عِتْقُ مَوْلَاىَ الْاَكْبَرِ! ثمّ تَوَضَّأَ ايْضًا وصلّٰى رَكعتَيْنِ ثمّ رَفَعَ يَدَهُ الَى السَّماءِ وقال الٰهِىْ! اَنْتَ تَعلَمُ اَنّى عَبَدتُكَ ثَلاثيْنَ سَنَةً . واَنَّ العَهْدَ بَيْنِىْ وبَيْنِك ان لاتَكشِفَ سِتْرِىْ . فحِيْنَئِذٍ كَشَفْتَهُ فَاقْبِضْنِىْ اليْكَ . فخرَّ مَغْشِيًّا عَليْهِ .فَاذا هوَ ميّتٌ . فَكفّنْتُهُ ولمْ اُحْسِنْ كَفَنَهُ وصلّيْتُ عليْه ودفنْتُهُ . فلمّا نِمْتُ رايتُ رَجُلا حَسَنًا فِىْ ثِيَابٍ حَسَنَةٍ ، ومَعَهُ رجُلٌ كبيْرٌ كَذٰلِكَ .وكلٌّ مِنْهُمَا واضِعٌ يَدَهُ عَلٰى كَتِفِ الْاٰخرِ. فقالَ لِىْ: يَاابْنَ المُبارَكِ ! اَمَاتَسْتَحْيِ مِنَ اللّٰهِ ؟ ثُمَّ مَشٰى فقلتُ لهُ مَنْ انتَ ؟ فقال انامحمّدٌ رَسُوْلُ اللّٰهِ وهٰذا ابِىْ ابراهِيْمُ . فقلتُ وكيْفَ لا اَسْتَحْيِ وَانا اُكثِرُالصّلواةَ ؟ فقالَ : مَاتَ وَلِيٌّ مِنْ اَوْلِيَاءِ اللّٰهِ تعالٰى فلمْ تُحْسِنْ كَفَنَهُ . فلمّا اَصْبَحْتُ اَخْرَجتُهُ مِنَ القَبْرِوكفَنْتُه فِىْ كَفَنٍ نَقِيٍّ وصَلّيتُ عليْه وَدَفَنْتُهُ رَحِمَهُ اللّٰهُ تعالٰى .

অনুবাদ॥ এরপর উক্ত গোলাম উত্তমরূপে ওযু করে দু'রাকাত নামায আদায় করলো। এরপর বললো, আলহামদুলিল্লাহ্। এ হলো আমার ছোটো মনিবের মুক্তি দান, এখন আমার বড়ো মুনিবের মুক্তিদান কেমন করে হবে? অতঃপর সে পুনরায় ওযু করে দু'রাকাত নামায আদায় করলো। তারপর আসমানের দিকে হাত উঠিয়ে বললো, হে আমার প্রভু! তুমিতো জানো, আমি ত্রিশ বছর যাবৎ তোমার ইবাদত করছি। আমার আর তোমার মাঝে এ প্রতিশ্রুতি ছিলো যে, তুমি আমার গোপন অবস্থা প্রকাশ করবে না। তুমি যখন তা প্রকাশ করেছো, তখন আমাকে তোমার কাছে উঠিয়ে নাও। একথা বলা মাত্রই সে বেহুঁশ হয়ে ভূমিতে লুটিয়ে পড়লো। হঠাৎ দেখতে পেলাম সে মৃত। অতঃপর আমি তাকে কাফন পরালাম; তবে মূল্যবান ও ভালো কাফন পরালাম না। এরপর তার জানাযা পড়ে তাকে দাফন করলাম। যখন আমি ঘুমুলাম! স্বপ্নে উত্তম পোষাক পরিহিত একজন অপূর্ব সৌন্দর্যের অধিকারী লোককে দেখলাম। তার সাথে তার মতোই একজন বয়স্ক লোক ছিলেন। উভয়েই একজন অন্যজনের কাঁধের উপর হাত রেখেছেন। তাদের একজন আমাকে বললেন, হে ইবনে মুবারক! তোমার কি আল্লাহ তা'আলার প্রতি-লজ্জা হয় না? এরপর তিনি চলতে লাগলেন। আমি তাকে জিজ্ঞেস করলাম, আপনি

www.islamijindegi.com

কে? তিনি বললেন, আমি মুহাম্মদুর রাসূলুল্লাহ (সা)। আর ইনি হলেন, আমার সম্মানিত পিতা হযরত ইব্রাহীম (আ)। তাঁকে আমি বললাম, কিভাবে আল্লাহকে আমি লজ্জা করি না? অথচ আমি অধিক পরিমাণে নামায পড়ি। তিনি বললেন, আল্লাহর একজন ওলী মৃতুবরণ করেছেন অথচ তুমি তাকে ভালো কাফন পরাওনি। ইবনে মুবারক বললেন, সকালে আমি তাকে কবর থেকে বের করে পরিচ্ছন্ন কাপড় দ্বারা কাফন পরালাম। তার জানাযা পড়লাম ও সমাহিত করলাম। আল্লাহ তাআলা তার প্রতি রহম করুন।

তাহকীক : أَسْبَغَ : واحد مذكر ـ ماضى ـ افعال ـ الاسباغ পূর্ণ করা।

عَهْد : চুক্তি, অঙ্গিকার, বন্ধুত্ব, দায়িত্ব, কাল, স্বপথ, বহুঃ عهود।

سِتْر : পর্দা, আবরণ, বহুঃ ستار ـ ستور - ثلاثى হতে (ن) الستر লুকান।

مُغْشِيًّا : واحد مذكر ـ اسم مفعول, للامر (س) غشى غشاءا আবৃত করা, غشاء আড়াল, (ض) غَشْيًا غَشْيَةً বেহুঁশ হওয়া, مغشى বেহুঁশ।

كَفَّنْتُ : واحد متكلم ـ ماضى কাফন পরালাম, খাসিয়্যত إلْبَاس مَاخذ।

كَتِف : ঘাড়, বহুঃ اكتاف ـ كتفة ـ (ض) كتف كتفا আস্তে চলা।

تَسْتَحْيِى : واحد مذكر ـ مضارع منفى বাবে استفعال ـ الْاِسْتِحْيَاء লজ্জা পাওয়া। لفيف مقرون ـ حياء লজ্জা, মাদ্দা ح ى ى –

نَقِىٌّ : পরিষ্কার পরিচ্ছন্ন, صيغه صفت বহুঃ نقاء ـ أَنْقِيَاء (س) نَقِىَ পরিষ্কার পরিচ্ছন্ন হওয়া। মাদ্দা ن ق و - ناقص واوى -

---

তারকীব : إِلٰهِى أَنْتَ تَعْلَمُ الخ : الهى মুনাদা, يا নেদা মাহযূফ, انت تعلم জওয়াবে নেদা, عَبْدَتُكَ জুমলা হয়ে ان এর খবর, ى মুতাকাল্লিম ইসম, জুমলা হয়ে মুফরাদের তাবীলে تعلم এর মাফউল, অতঃপর সব মিলে انت এর খবর।

وَمَعَهُ رَجُلٌ : معه উহ্য শিবহে ফে'লের সাথে মুতাআল্লিক হয়ে خبر مقدم, كبير ও كذالك হলো رجل এর সিফাত- মওসুফ ও সিফাত ২টি মিলে مبتدائے مؤخر।

বি. দ্র. كَذالك এর কাফটি হরফী (জার) হলে ذالك ইসমে ইশারা, মাজরূর মিলে উহ্য كَائِنًا এর মুতাআল্লিক হয়ে সিফাত হবে, আর কাফটি ইসমী তথা مثل এর অর্থে হলে مثل মুযাফ ও ذالك মুযাফ ইলায়হি মিলে সিফাত হবে।)

وَكُلٌّ مِّنْهُمَا وَاضِعٌ : كل এর তানবীনটি واحد মুযাফ ইলায়হি-এর عوض বা পরিবর্তে অর্থাৎ كل واحد এটা মওসূফ, منهما উহ্য كائن এর সাথে মুতাআল্লিক হয়ে সিফাত, মওসূফ সিফাত মিলে মুবতাদা, واضع শিবহে ফে'ল, যমীর ফায়েল يده মাফউল ও عَلٰى كَتِفِ الْاٰخَرِ মুতাআল্লিক মিলে খবর।

هٰذَا أَبِىْ اِبْرٰهِيم : هذا মুবতাদা, ابى মুবদাল মিনহুও ابراهيم বদল মিলে খবর।

www.islamijindegi.com

وَسُئِلَ ابُو الْقَاسِمِ الْحَكِيْمُ اَيُّمَا افضَلُ -عاصٍ يَتوبُ عَنْ عِصْيانِهِ ،امْ كافِرٌ يَرْجِعُ الَى الْايمانِ ؟ فقالَ بَلِ الْعَاصِىْ الّذِىْ يَتوبُ عَنْ عِصْيانِهِ افضَلُ . لِاَنّ الكافِرَ فِىْ حَالِ كُفْرِهِ اَجْنَبِىٌّ وَالعَاصِىْ فِى حَالِ عِصْيانِهِ عَارِفٌ بِرَبِّهِ ـ وَلِاَنّ الْكافرَ اِذَا اَسْلمَ يَنْتَقِلُ مِنْ دَرَجَةِ الْاَجَانِبِ الى دَرَجَةِ العَارِفِ وَالعاصى يَنْتَقِلُ عَن دَرَجِةِ العَارِفِ الى دَرَجَةِ الاَحْبَابِ ـ كمَا قال اللّٰهُ تَعالٰى واللّٰهُ يُحِبُّ التّوابِيْنَ ـ والله اعلم-

অনুবাদ॥ হাকীম আবুল কাসেম (রহ) কে জিজ্ঞেস করা হয়েছিলো; কোন ব্যক্তি উত্তম? গুনাহগার যে তার গুনাহ থেকে তওবা করে সে নাকি কাফের যে ঈমানের দিকে ফিরে আসে? তিনি বললেন, বরং গোনাহ হতে তওবাকারী মুমিনই উত্তম। কেননা, কাফের তার কুফরী অবস্থায় (আল্লাহর সাথে) অপরিচিত, সম্পর্কহীন। পক্ষান্তরে গোনাহগার মুমিন গোনাহ করা অবস্থায়ও আপন রবকে চেনে। কাফের যখন ইসলাম গ্রহণ করে তখন সে অপরিচিতের স্তর হতে পরিচিতের স্তরে বের হয়ে প্রিয়জনের মর্যাদায় স্থানান্তরিত হয়। যেমন– আল্লাহ তাআলা ইরশাদ করেছেন– আল্লাহ তাআলা তাওবাকারীদেরকে ভালোবাসেন।

তাহকীক ঃ حَكِيْم : বিজ্ঞ, জ্ঞানী, صفت - বহুঃ حُكماء - حَكِمَ (س) জ্ঞানী হওয়া।
افضلُ : মর্যাদাবান, উত্তম (ك) فضل فضلا মর্যাদাবান হওয়া, অতিরিক্ত হওয়া।
كافِر : واحد مذكر ـ اسم فاعل - নাফরমান, অকৃতজ্ঞ, (ف) الكفر অকৃতজ্ঞ হওয়া। বহুঃ كافرون ـ كفرة ـ كفار ـ كفر এর মূল অর্থ লুকানো, চাষ করা। যেমন- رايت كافرا يكفر بكافر (একজন চাষিকে কোদাল দ্বারা ভূমি খনন করতে দেখলাম)। كفارة গোনাহ গোপন তথা পাপ মুক্তকারী।
دَرَجَةٌ : স্তর, মর্যাদা বহুঃ درجات - (ن) درج ও ادرج প্রবেশ করান।
اَحْبَاب : حبيب এর বহুঃ বন্ধু, الاحباب ـ ভালো বাসা مضاعف ثلاثى ।
تَوّابِيْن : تواب এর বহুঃ اسم مبالغة - অতিশয় তাওবাকারী, (ن) التوبة রুজু করা, ফিরে আসা, اجوف واوى -

তারকীব: ابوالقاسم الحكيم ,سئل ابو القاسم : سئل ফে'লে মাজহুল, নায়িবে ফায়েল, ى মুযাফ, هذين মাহজুফ, মুবদাল মিনহু, عاص يتوب মওসূফ সিফাত মিলে মা'তুফ আলাইহি, এভাবে كافر يرجع মওসূফ সিফাত মিলে মা'তূফ, তারপর উভয়টি মিলে বদল, বদল মুবদাল মিনহু মিলে ى এর মুযাফ ইলায়হি। মুযাফ-মুযাফ ইলায়হি মিলে মুবতাদা افضل খবর।

www.islamijindegi.com

حكايت -٩ : حُكِىَ عَنْ رجلٍ قال : كنا فِىْ سَفِيْنَةٍ مَعَ تُجَّارٍ. فهاجَتْ علَيْنا رِياحٌ وامواجٌ مِن البَحْرِ. فاضطَرَبَتِ السَّفِيْنَةُ فخِفْنا خوْفا شديْدًا وكانَ فى زَاوِيَةٍ مِّن السَّفِيْنَةِ رجلٌ عليْه كِساءٌ مِّنَ وَبَرٍ. فلَمْ تَزَلِ الْاَمْواجُ تضْرِبُ السَّفِيْنَةَ حتّٰى سَقطَ فيْها الماءُ فثَقُلَتْ وَاَيِسْنا مِنْ اَنْفُسِنَا واَمْوالِنا . فخَرَجَ ذَالك الرَّجُل مِنَ السَّفِيْنَةِ و وَقفَ يُصَلِّيْ عَلى المَاءِ . فقُلْنَا لهٗ : يَاوَلِىَ اللّٰهِ ! اَدْرِكْنَا . فلَمْ يَلْتَفِتْ اِلَيْنَا . فقلنا لهٗ بِحَقِّ مَنْ قَوّاكَ لِعِبادَتِهٖ اَغِثْنَا واَدْرِكْنا . فَالتفَتَ اِلَيْنَا وقال ماشانُكمْ وهَوغَائِبٌ عَنْ جَمِيْعِ مَااصابَنا . فقُلْنا لهٗ : اَلَا تَرٰى الَى السَّفِيْنَةِ ومَا اصَابَها مِنَ الْاَمْوَاجِ وَالرِّيَاحِ ؟ فقالَ لنا : تَقرَّبُوا الَى اللّٰهِ . فقُلنا لهٗ بِمَاذا نتقرَّبُ ؟ فقالَ : بِتَرْكِ الدُّنْيَا . فقلنا لهٗ : قَدْفَعَلْنَا . فَقال اُخرُجُوا بِاِسْمِ اللّٰه .

---

(৯) পানির ওপর নামায

অনুবাদ॥ জনৈক ব্যক্তি হতে বর্ণিত– তিনি বলেন, একদা আমরা কিছু ব্যবসায়ীর সাথে (সমুদ্রে) নৌকায় আরোহী ছিলাম। তখন আমাদের ওপর সমুদ্র বক্ষ হতে প্রচণ্ড বাতাস ও উত্তাল তরঙ্গমালা বইতে শুরু করলো। নৌকা দুলতে লাগলো। ফলে আমরা খুব ভীতু হয়ে পড়লাম। নৌকার কোণে এক ব্যক্তি উপবিষ্ঠ ছিলেন। তাঁর গায়ে ছিলো পশমী চাদর। একেরপর এক ঢেউ নৌকাতে আঘাত হানছে। এমনকি নৌকার ভেতরে পানি ঢুকতে লাগলো। ফলে নৌকা ভারি হয়ে গেলো। আমরা নিজেদের জীবন এবং সম্পদ সম্পর্কে নিরাশ হয়ে পড়লাম। তখন ঐ লোকটি নৌকা থেকে নেমে গেলেন এবং পানির ওপর নামায পড়তে লাগলেন। আমরা তাকে বললাম, হে আল্লাহর ওলী! আমাদের উদ্ধার করুন। তিনি আমাদের প্রতি ভ্রুক্ষেপ করলেন না। আমরা তাকে বললাম, সেই পবিত্র স্বত্তার শপথ, যিনি আপনাকে ইবাদত করার শক্তি দান করেছেন। আপনি আমাদের সাহায্য করুন ও উদ্ধার করুন। তখন আমাদের দিকে তিনি তাকালেন এবং বললেন, তোমাদের কী অবস্থা? আমাদের ওপর যে বিপদ আপতিত হয়েছে, তিনি যেন সে সম্পর্কে অনবহিত। আমরা তাঁকে বললাম, নৌকার অবস্থা এবং ঢেউ ও তুফানের যে মছিবতে নৌকা আক্রান্ত আপনি কি তা দেখছেন না? তিনি আমাদেরকে বললেন, তোমরা আল্লাহর নৈকট্য অর্জন করো। আমরা বললাম, কিভাবে আমরা আল্লাহর

www.islamijindegi.com

নৈকট্য অর্জন করবো? তিনি বললেন, দুনিয়া ত্যাগের মাধ্যমে আল্লাহ্‌র নৈকট্য অর্জন করো। আমরা তাকে বললাম আমরা অবশ্যই তা করলাম। তিনি বললেন, তোমরা আল্লাহ্‌র নাম নিয়ে নৌকা থেকে বেরিয়ে এসো।

তাহ্‌কীক : تُجَّار - تَاجِر এর বহুঃ ব্যবসায়ী, (ن) تَجَرَ تِجَارَةً ব্যবসা করা, هَاجَتْ : ماضى (ض) هَيَّجَانًا هِيَاجًا উত্তেজিত করা, اجوف يائى।

رِيَاحٌ : رِيح এর বহুঃ বাতাস, ঝড়, الإِرَاحَةُ শান্তি দেওয়া। اجوف يائى

اَمْوَاجٌ : مَوْج এর বহুঃ ঢেউ, (ن) مَاجَ مَوْجًا সাগরে ঢেউ খেলা, اجوف واوى।

زَاوِيَةٌ : কোণ বহুঃ زوايا (ض) زوى زويا বিচ্ছিন্ন করা, اجوف واوى।

كِسَاء : কাপড়, চাদর, কম্বল, বহুঃ اَكْسِيَةٌ (ن) الكُسْوُ কাপড় পরান, ناقص واوى। وبر : উট ইত্যাদির পশম, বহুঃ اوبار (ن) الوبر অতি পশমবিশিষ্ট হওয়া, مثال واوى। ايسنا : ماضى - جمع متكلم - (س) আমরা নিরাশ হয়ে গেলাম, مهموز فا ও اجوف يائى।

اَدْرِكْنَا : امر - واحد حاضر - افعال উদ্ধার করুন, (ن) الدرك পাওয়া।

لَمْ يَلْتَفِت : نفى جحد بلم، واحد مذكر - افتعال ভ্রূক্ষেপ করলো না।

قَوَّا : ماضى - واحد مذكر - تفعيل - শক্তি দান করেছেন, قوة শক্তিবান হওয়া, لفيف مقرون - মাদ্দা ق و ر

اَغِث : امر - واحد مذكر - افعال সাহায্য করুন, الإِغَاثَةُ বিপদে সাহায্য করা। الاستغاثة সাহায্য কামনা করা, غَوْث উদ্ধারকারী, اغث। মূলত اغوث ছিলো, اجوف واوى।

তারকীব : كُنَّا فِى سُفَيْنَةِ الخ - كنا ফে'লে নাকিস, نا ইসম, فى سَفِيْنَةً এবং مع تجار উভয়টি উহ্য جالسين এর সাথে মুতাআল্লিক হয়ে খবর।

وكان فى زاوية الخ : মূল ইবারত হবে

كَانَ جَالِسًا فِىْ زَاوِيَةٍ مِّنَ السَّفِيْنَةِ رجلٌ كَانَ عَلَيْهِ كساءٌ حَاصِلٌ مِنْ وَبَرٍ

এতে كِسَاء মওসূফ حاصل من وبر সিফাত মিলে كان এর ইসম, عليه মুতাআল্লিক, এসব মিলে জুমলা হয়ে رجل এর সিফাত, মওসূফ সিফাত মিলে كان এর اسم।

وقف يُصَلِّى الخ : وقف এর যমীর যুলহাল, يصلى على الماء জুমলা হয়ে হাল। فقلنا له بحق مَا الخ : فقلنا له হলো قول আর حق মুযাফ, ما মওসূল, قوالك لعبادته সিলা মিলে মুযাফ ইলায়হি, মুযাফ ও মুযাফ ইলায়হি মিলে মাজরূর, জার-মাজরূর متعلق مقدم হলো اَغِثْنَا وَاَدْرِكْنَا এর সাথে, এসব মিলে জুমলায়ে আতেফা হয়ে مقوله -

www.islamijindegi.com

فَمَازِلْنَا نَخْرُجُ وَاحِدًا بَعْدَ وَاحِدٍ نَمْشِيْ عَلَى الْمَاءِ، حَتَّى اجْتَمَعْنَا حَوْلَهُ وَنَحْنُ قِيَامٌ عَلَى الْمَاءِ وَكُنَّا مِائَتَيْ نَفْسٍ اَوْ اَكْثَرَ. فَغَرَقَتِ السَّفِيْنَةُ بِمَا فِيْهَا مِنَ الْاَمْوَالِ. فَقَالَ لَنَا اَمَّا مِنْ هَوْلِ الدُّنْيَا فَقَدْ سَلِمْتُمْ فَاذْهَبُوْا. فَقُلْنَا لَهُ : نَسْئَلُكَ بِاللّٰهِ مَنْ اَنْتَ؟ يَرْحَمُكَ اللّٰهُ فَقَالَ انا اُوَيْسٌ الْقَرْنِيْ. فَقُلْنَا لَهُ اِنَّ فِي السَّفِيْنَةِ اَمْوَالًا لِفُقَرَاءِ الْمَدِيْنَةِ. بَعَثَهَا اِلَيْهِمْ رَجُلٌ مِّنْ مِصْرَ. فَقَالَ اِنْ رَدَّ اللّٰهُ عَلَيْكُمْ اَمْوَالَكُمْ تُقَسِّمُوْنَهَا عَلٰى فُقَرَاءِ الْمَدِيْنَةِ ؟ فَقُلْنَا لَهُ نَعَمْ. فَصَلّٰى عَلٰى وَجْهِ الْمَاءِ رَكْعَتَيْنِ ثُمَّ دَعَا بِدُعَاءٍ خَفِيٍّ فَطَلَعَتِ السَّفِيْنَةُ بِجَمِيْعِ مَافِيْهَا عَلٰى وَجْهِ الْمَاءِ فَرَكِبْنَاهَا وَفَقَدْنَا اُوَيْسًا. فَسِرْنَا الَى الْمَدِيْنَةِ وَاقْتَسَمْنَا اَمْوَالَنَا بَيْنَنَا وَبَيْنَ اَهْلِهَا فَلَمْ يَبْقَ فِي الْمَدِيْنَةِ فَقِيْرٌ.

অনুবাদ॥ আমরা একের পর এক (নৌকা থেকে) বের হতে লাগলাম এবং পানির ওপর দিয়ে হাঁটতে হাঁটতে তার চার পার্শ্বে সমবেত হয়ে পানির ওপর দাঁড়িয়ে গেলাম। আমরা ছিলাম দু'শো বা এরচেয়ে বেশি লোক। অতঃপর নৌকাটি তার ভেতরের সমস্ত মালসহ ডুবে গেলো। আমাদেরকে তিনি বললেন, তোমরা ইহজাগতিক ভীতি থেকে তো মুক্তি পেলে, এখন যাও। আমরা তাঁকে বললাম, খোদার শপথ দিয়ে আমরা আপনাকে জিজ্ঞেস করছি আপনি কে? আল্লাহ্ তা'আলা আপনার প্রতি রহম করুন। তিনি বললেন, আমি উয়াইস আল করনী। আমরা তাকে বললাম, নৌকাতে মদীনার গরিবদের মাল-সামগ্রী ছিলো। মিশর থেকে এক ব্যক্তি তাদের জন্যে প্রেরণ করেছেন। (আমাদের কথার প্রেক্ষিতে) তিনি বললেন, আল্লাহ্ যদি নিমজ্জিত সম্পদ তোমাদেরকে ফিরিয়ে দেন, তবে কি তোমরা তা মদীনার গরিবদের মাঝে বণ্টন করে দেবে? আমরা তাকে বললাম, হ্যাঁ। তখন তিনি পানির ওপর দু'রাকাত নামায আদায় করলেন, অতঃপর চুপিসারে দোওয়া করলেন। ফলে নিমজ্জিত নৌকা সমস্ত মালসহ পানির ওপর ভেসে উঠলো, আমরা সকলেই নৌকায় আরোহণ করলাম এবং ওয়াইস (র) কে আমরা হারিয়ে ফেললাম। আমরা মদীনার দিকে যাত্রা করলাম এবং সম্পদগুলো আমাদের ও মদীনার গরিবদের মাঝে বণ্টন করে দিলাম। ফলে মদীনায় কোনো গরিব-দরিদ্র অবশিষ্ট রইলো না।

www.islamijindegi.com

তাহকীক : نَمْشِى : مضارع ـ جمع متكلم আমরা চলতে থাকলাম (ف) اَمُشِى হাঁটা, চলা, ناقص يائى ।

غَرَقَتْ : ماضى ـ واحد مؤنث - ডুবে গেলো, (ض) الغرق ডুবে যাওয়া, নিমজ্জিত হওয়া।

هَوْل : মছিবত, বিপদ, বহুঃ اهوال ـ (ن) الهول চিন্তিত করা, ভীতিকর হওয়া, اجوف واوى ।

اُوَيْسٌ : হযরত উয়ায়েস ইবনে আমের আল করনী তাবেয়ী, বহু উচ্চ মর্যাদাবান ও নবীজীর আশেক ছিলেন। মায়ের খেদমতের কারণে নবীজীর সাথে সাক্ষাতের সৌভাগ্য হয়নি। নবীজী (সাঃ) সাহাবায়ে কেরামের নিকট তার মর্তবা সম্পর্কে আলোচনা করে গেছেন, এবং হযরত উমরকে সাক্ষাৎ হলে তার থেকে দোয়া কামনা করার আদেশ দান করেছিলেন।

فُقَرَاء : فَقِيْر এর বহুঃ অভাবী।

তারকীব : فَمَازِلْنَا نَخرُجُ واحِدٌ الخ : مازلنا ফে'লে নাকিস نا যমীর ইসম, فحرج ফেল, فحن যমীর যুলহাল, واحد মওসূফ ও بَعْدَواحِدٍ সিফত মিলে ১ম হাল, আর نَمْشِىْ عَلى المَاءِ হলো نخرج এর যমীর نحن এর ২য় হাল, অথবা بعدَ واحِدٍ - نخرُج এর সাথে মুতাআল্লিক।

مِائَتَىْ : وكُنّا مِائَتَىْ نفسٍ او اَكْثَرَ মুমায়্যায, نفس তমীয মিলে মা'তূফ আলাইহি ও او اكثر মা'তূফ মিলে كنا এর খবর।

اِنْ رَدَّ اللّٰهُ عَلَيْكم الخ : ان হরফে শর্ত, رَدَّ اللّٰهُ عليكم জুমলা হয়ে শর্ত, تَقْسِمُوْنَها ফে'ল ফায়েল ها মাফউল এবং عَلٰى فُقَرَاءِ المَدِيْنه মুতাআল্লিক মিলে জাযা, শর্ত ও জাযা মিলে جملهُ شرطيه -

www.islamijindegi.com

حكايت - ١٠ : حُكى انّ طارقًا الصّادق اِنّما سُمّىَ صَادِقًا لِمَا وَقَعَ لَهٗ فىْ بِئْرٍ مُعَطّلَةٍ فمَرّ عَليْها نَفرٌ مِّنَ الحَاجّ - فقَالُوا : نَسُدّ رَاسَهَا لِئَلاّ يَقعَ فِيْها احدٌ - فقَال : قلتُ فِىْ نَفْسِىْ اِنْ كنتَ صَادقًا فاسْكُتْ - فسَدُّوْهَا وَانْصَرفُوْا - فَاَظْلمَتْ ظَلامًا شَدِيْدًا وَاذا بِسَرَاجَيْنِ عِنْدِىْ فصِرْتُ اَنْظُرُ بِنُوْرِهِمَا - وَاذا ثُعْبَانٌ عَظِيْمٌ مُقْبِلٌ اِلَىَّ - فقُلتُ فىْ نَفْسِىْ : اِذَنْ يَظْهَرُ الصّادقُ مِنَ الكَاذِبِ - فلَمّا وَصَلَ اِلَىَّ، ظَنَنْتُ اِنّهٗ يَاكُلُنِىْ - فصَعِدَ نَحْوَ فَمِ البِئْرِ ثُمّ جَعَلَ ذَنَبَهٗ فِى عُنُقِىْ وتَحْتَ رِجْلِىْ وحَمَلَنِىْ كَالدّلْوِ ورَفَعَ كلّ مَا عَلٰى رَاسِ البِئْرِ وجَذَبَنِىْ اِلٰى الاَرضِ ثمّ جَذَبَ ذَنَبَهٗ عَنّىْ - فسَمِعْتُ هَاتِفًا لااَرَاهُ يقولُ : هٰذا مِنْ لُطفِ رَبّكَ اذْ نَجّاكَ مِنْ عَدُوّكَ بِعَدُوّكَ - فسُمّىَ صَادِقًا -

(১০) সাপে উঠাল কূপ থেকে

অনুবাদ॥ বর্ণিত আছে, হযরত তারেক আস-সাদেক (রহ)কে তার একটি ঘটনার প্রেক্ষীতে সাদেক (সত্যান্বেষী) নামে আখ্যায়িত করা হয়। (ঘটনাটি) এই একবার তিনি কোন এক পরিত্যক্ত কূপে পড়ে গিয়েছিলেন। কূপের নিকট দিয়ে যাচ্ছিল হাজীদের একটি কাফেলা। তারা বললো, আমরা এ কূপের মুখ বন্ধ করে দেই, যাতে কেউ এতে পড়ে না যায়। তারেক সাদেক (রহ) বলেন, আমি মনে মনে বললাম, (হে তারেক!) যদি তুমি সাদেক হয়ে থাকো তবে এই অবস্থায় চুপ থাকো। অতএব, আমার মন চুপ রইলো এবং পথিক দল কূপের মুখ বন্ধ করে চলে গেলো। ফলে কূপটি প্রচণ্ড অন্ধকারাচ্ছন্ন হয়ে পড়লো। হঠাৎ দেখলাম, আমার সামনে দু'টো প্রদ্বীপ। আমি সে দু'টো প্রদীপের জ্যোতিতে দেখতে লাগলাম। হঠাৎ লক্ষ্য করলাম, একটি বিশালাকায় অজগর আমার দিকে এগিয়ে আসছে। তখন আমি মনে মনে বললাম, এখন সত্য মিথ্যার পার্থক্য হয়ে যাবে। অজগরটি আমার নিকট যখন পৌঁছলো, আমার ধারণা হলো, সেটি আমাকে খেয়ে ফেলবে। কিন্তু অজগরটি কূপের মুখের দিকে অগ্রসর হলো। তারপর তার লেজ আমার ঘাড়ে ও পায়ের নিচে দিয়ে পেঁ৭চিয়ে নিলো এবং বালতির মতো উপরে তুলে নিলো। কূপের মুখের সব কিছু সরিয়ে আমাকে ভূমির দিকে টেনে উঠালো। অতঃপর অজগরটি আমার থেকে তার লেজ টেনে নিলো। এসময় আমি একজন অদৃশ্য লোক বলতে শুনলাম, এ হলো তোমার প্রভুর করুণা। তিনি তোমাকে এক দুশমনের মাধমে আরেক দুশ্মন থেকে মুক্তি দিলেন। এ ঘটনা থেকেই তিনি সাদেক হিসেবে আখ্যা পান।

www.islamijindegi.com

তাহকীক : سُمِّیَ : واحد مذکر غائب - ماضی مجهول، تفعیل নাম রাখা হয়েছে। মাদ্দা ـ سُمو । ناقص واوی

بِئْـر : কূপ, বহুঃ ابار ـ بئار ـ (ف) بئر খনন করা।

مُعَطَّلَةٍ : واحد مؤنث، اسم مفعول পতিত, বাবে تعطیل، تفعیل ছুটি দেয়া, কর্মহীন হওয়া।

مَرَّ : واحد مذکر ـ ماضی (ن) المرور অতিক্রম করা, مضاعف ثلاثی -

نَفَرٌ : ৩-১০ পর্যন্ত সংখ্যকের দল, বহুঃ انفار ـ نفور -

حَاجٌّ : اسم فاعل (ن) الحج ইচ্ছা করা, প্রমাণে বিজয়ী হওয়া مضاعف।

إِنْسَادٌ ঃ واحد مذکر غائب ـ ماضی ـ انفعال ـ الانسداد বন্ধ হওয়া, مضاعف -

أَظْلَمَتْ : ماضی ـ افعال ـ الاظلام অন্ধকারাচ্ছন্ন হওয়া, ظلام অন্ধকার।

سِرَاجَيْنِ : سراج এর দ্বিবচন, বাতি, প্রদীপ, বহুঃ سرج -

ذَنَبٌ ঃ লেজ, বহুঃ اذناب ـ ذنب এর আরেক অর্থ পাপ, বহুঃ ذنوب -

তারকীব : حُكِيَ اَنَّ طَارِقًا الصَّادِقَ الخ : طارق মওসূফ الصّادق، সিফাত মিলে ان এর ইসম, انما এর ما টি كافه (আমল বাতিলকারী) سمّی ফে'লে মাজহূল, যমীর নায়িবে ফায়েল, صادقا মাফউল; লাম হরফে জার, ما মওসূফ, وَقَعَ لَهُ সিলা হয়ে মাজরূর, জার-মাজরূর মিলে سمّی এর মুতাআল্লিক হয়ে لما وقع ... ـ مُعَطَّلَةً - جزاء مقدم জুমলা হয়ে شرط مؤخر - শর্ত জাযা মিলে ২য় মাফউল, سمی তার .....

... لِئَلَّا يَقَعَ الخ ـ قول فقالوا জুমলা হয়ে فقالوا : نَسُدُّ رَأْسَهَا الخ জুমলা হয়ে نسد এর সাথে মুতাআল্লিক। راسها মাফউল অতঃপর জুমলা হয়ে مقوله -

إِنْ كُنْتَ صَادِقًا : ان كنت صادقا শর্ত فاسكت জাযা মিলে جمله شرطيه-

فَاظْلَمَتْ ظَلَامًا : ظلاما شديد মওসূফ সিফাত মিলে মাফউলে মুতলাক,

اذا : بِسِرَاجَيْنِ عِنْدِي اذا জরফ (মুফাজাতিয়া) মাফউলে ফীহ মুতাআল্লিক উহ্য ফে'লের সাথে, بسراجين এর با যায়েদা, سراجين মাফউলে বিহী, عندی মুতাআল্লিক رايت এর সাথে। رايت ফে'ল ফায়েল উভয় মাফউল ও মুতাআল্লিক মিলে جمله فعليه خبريه।

قول يقول হলো فسمعت هَاتِفًا لَاأَرَاهُ الخ ঃ هاتفا মওসূফ, لااراه সিফাত, هذا মুবতাদা, من لطف ربك উহ্য كائن এর সাথে মুতাআল্লিক, আর ذا জরফ, মুযাফ, نجاك الخ জুমলা হয়ে মুযাফ ইলায়হি, মুযাফ ও মুযাফ ইলায়হি মিলে لطف মাসদারের সাথে মুতাআল্লিক, لطف মুযাফ তার মুযাফ ইলায়হি ও মুতাআল্লিক মিলে মাজরূর, জার-মাজরূর كائن মাহজুফের সাথে মুতাআল্লিক হয়ে খবর।

www.islamijindegi.com

حكايت -١١ : حُكِيَ اَنَّ إِمْرَاةً كَانَ لَهَا زَوْجٌ مُنَافِقٌ ، وكَانَتْ تَقُولُ عَلٰى كُلِّ شَيْءٍ مِنْ قَوْلٍ اوْ فِعْلٍ : بِسْمِ اللّٰهِ. فَقَالَ زَوْجُهَا لَأَفْعَلَنَّ مَا أُخَجِّلُهَا بِهِ - فَدَفَعَ اِلَيْهَا صُرَّةً وقَال لَهَا إِحْفَظِيْهَا - فَوَضَعَتْهَا فِيْ مَحَلٍّ وغَطَّتْهَا - فَغَافَلَهَا وأَخَذَ الصُّرَّةَ ومَا فِيْهَا وَرَمَاهَا فِيْ بِئْرٍ فِيْ دَارِهٖ - ثُمَّ طَلَبَهَا مِنْهَا - فَجَاءَتْ اِلَى مَحَلِّهَا وقَالَتْ بِسْمِ اللّٰهِ - فَامَرَ اللّٰهُ جِبْرَائِيلَ اَنْ يَّنْزِلَ سَرِيْعًا ويُعِيْدُ الصُّرَّةَ اِلٰى مَكَانِهَا فَوَضَعَتْ يَدَهَا لِتَاخُذَهَا فَوَجَدَتْهَا كَمَا وَضَعَتْهَا فَتَعَجَّبَ زَوْجُهَا وتَابَ اِلَى اللّٰه تَعَالٰى -

(১১) বিসমিল্লাহ্‌র অলৌকিক গুণ

অনুবাদ॥ বর্ণিত আছে, জনৈক মহিলার এক স্বামী ছিলো মুনাফিক। মহিলাটি তার যাবতীয় কথায় ও কাজে বিসমিল্লাহ্ বলতো। একদা তার স্বামী (মনে মনে) বললো, আমি অবশ্যই এমন একটি কাজ করবো, যা দ্বারা আমি তাকে লজ্জিত করবো। একদিন সে তার স্ত্রীর নিকট একটি টাকার থলি অর্পণ করে বললো, এটি হিফাজত করে রাখবে। মহিলা থলিটিকে (বিসমিল্লাহ্ বলে) এক স্থানে রেখে থলিটিকে ঢেকে দিলো। এক সময় স্বামী স্ত্রীকে থলি সম্পর্কে অমনোযোগী দেখে থলি এবং তাতে যা কিছু ছিলো সব নিয়ে নিলো। আর থলিটি বাড়ির এক কূপে ছুঁড়ে ফেললো। এরপর স্ত্রীর নিকট সে থলিটি চাইলো। স্ত্রী তখন থলি রাখার স্থানে আসলো এবং বিসমিল্লাহ্ বললো আল্লাহ্ তা'আলা জিব্রাঈল (আ) কে দ্রুত অবতরণের এবং থলিটি স্বস্থানে রাখার নির্দেশ দিলেন। মহিলাটি যখন থলি নেয়ার জন্যে হাত বাড়ালো সে তা যথাযথভাবেই পেয়ে গেলো। এ দেখে তার স্বামী বিস্মিত হলো এবং আল্লাহ্ পাকের নিকট তওবা করলো।

তাহকীক : مُنَافِق : واحد مذكر - اسم فاعل - مفاعلة এর মাসদার نفاق ভেতরে কুফরী রেখে নিজেকে মুমিনরূপে প্রকাশ করা, মাদ্দা نفق খরচ করা।

أُخَجِّل : واحد متكلم - مضارع - تفعيل - লজ্জিত করবো, خجل লজ্জা,

صُرَّة : থলি, ব্যাগ, বহুঃ صرر - وضعت : (ف) الوضع রাখা,

غَطَّت : واحد مؤنث غائب - ماضى - تفعيل - التغطية ঢেকে রাখা।

سَرِيْعًا : واحد مذكر সিফাত فعيل এর ওযনে, দ্রুতগামী, বহুঃ سرعان

তারকীব : لَأَفْعَلَنَّ مَا أُخَجِّلُهَا بِهَا : لافعلن ফে'ল, انا যমীর ফায়েল, ما মওসূল اخجل। ফে'ল, ফায়েল, মাফউল ও بها মুতাআল্লিক মিলে সিলা।

فَامَرَ اللّٰهُ جِبْرَائِيْلَ الخ : امر ফে'ল, الله ফায়েল, جبرائيل ১ম মাফউল, আর ان মাসদারিয়্যা, ينزل ফে'ল, যমীর জুলহাল, سريعا হাল মিলে مفرد এর তাবীলে ২য় মাফউল, ফে'ল তার..।

www.islamijindegi.com

حكايت - ١٢ : حُكِيَ انَّ مُبارِزًا مِنَ الرُّوْمِ اَسَرَ جَماعَةً مِنَ الْمُسْلِمِيْنَ فِيْ زَمَنِ عُمَرَ بْنِ الْخَطَّابِ رَضِيَ اللّٰهُ عنه فوُصِفَ لِكَلْبِ الرّوم رجلٌ فِيْهِمْ قَوِيٌّ هَيُوْبٌ . فدَعا بِهِ لِيَراهُ ، وكانَ بَيْنَ يَدَيْ كَلْبِ الرُّوْمِ سِلْسِلَةٌ مَمْدُوْدَةٌ . حَتّٰى لا يَدْخُلَ عليهِ احدٌ اِلَّا علٰى هَيْئاةِ الرَّاكِعِ . فلمّا رَاٰهَا الرَّجُلُ اَبٰى انْ يدْخُلَ عَلى كَلْبِ الرُّوْمِ كَهَيْئَاةِ الرَّاكِعِ . وقال : اِنِّيْ لَاَسْتَحْيِيْ مِنْ مُحَمَّدٍ صلّى اللّٰهُ عليهِ وسلّمَ انْ ادْخُلَ عَلٰى الكافِرِ كَهُيْئَاةِ الرّاكِعِ . فَاَمَرَ كلبُ الرّومِ بِرَفْعِهَا حَتّٰى يَدْخُلَ . فلمّا دَخَلَ عَليْه تكلّمَ مَعَه وَاطال مَعَهُ الكلامَ . فَقال لهُ كلبُ الرُّومِ : اُدْخُلْ فِيْ دِيْنِنَا حَتّٰى اصنَعَ خَاتَمِيْ فِيْ يَدِكَ واُعْطِيَكَ وِلايَةَ الرُّوْمِ . فَتفعَلَ فِيْها مَاتَشاءُ . فَقالَ لِكَلْبِ الرُّوْمِ كَمْ لِلرُّوْمِ مِنَ الدُّنْيَا ؟ فقالَ ثُلُثُهَا او رُبُعُهَا .

(১২) রোম সম্রাটের ব্যর্থতা

অনুবাদ॥ বর্ণিত আছে,ওমর (রা)-এর শাসনামলে এক রোমান যুদ্ধোৎসাহী বাহাদুর মুসলমানদের একটি কাফেলা বন্দী করে। রোম সম্রাটকে অবহিত করা হলো যে, মুসলিম কাফেলায় শক্তিশালী ও ভয়ঙ্কর এক ব্যক্তি রয়েছে। রোম সম্রাট তাকে দেখার নিমিত্তে হাজির করতে বললেন। রোম সম্রাটের সম্মুখে একটি শিকল ঝুলানো থাকতো, ফলে কেউ তার দরবারে রুকুর ভঙ্গি করা ছাড়া প্রবেশ করতে পারতো না। তা দেখে (মুসলমান) লোকটি রুকুর ভঙ্গিতে সম্রাটের দরবারে প্রবেশ করতে অস্বীকৃতি জানালেন। তিনি বললেন, আমি রুকুর ভঙ্গিতে কোনো কাফিরের সম্মুখে প্রবেশ করতে মুহাম্মদ (সা) কে লজ্জা করি। রোম সম্রাট শিকলটি সরানোর নির্দেশ দিলেন। যাতে লোকটি তার নিকট প্রবেশ করতে পারে। তিনি তার সম্মুখে গেলেন, এবং তার সাথে আলাপ করলেন। আলোচনা বেশ দীর্ঘ হলো। রোম সম্রাট তাকে বললেন, তুমি আমাদের ধর্ম গ্রহণ করো, তোমার হাতে আমার (রাজ) আংটি পরিয়ে দেবো এবং তোমাকে রোমের রাজত্ব দান করবো। তখন তুমি যা ইচ্ছা তা করতে পারবে। মুসলমান ব্যক্তি তখন বললেন, (হে সম্রাট!) রোম সাম্রাজ্য পৃথিবীর কত অংশ জুড়ে আছে? বললেন, এক তৃতীয়াংশ অথবা একচতুর্থাংশ।

www.islamijindegi.com

তাহকীক : مُبَارِزٌ : اسم فاعل، مفاعله বীর, বাহাদুর المبارزة প্রতিপক্ষের মোকাবেলায় বের হওয়া, (ن) البرز প্রকাশ হওয়া, البراز পায়খানা-

أَسَرَ : واحد غائب - ماضى - (ض) الاسر কয়েদ করা, اسير বন্দি, বহুঃ اسراء -

كَلْبُ الرّوم : রোম সম্রাটের উপাধি, অতি জালেম হওয়ায় এ উপাধিতে খ্যাতি লাভ করে।

هَيُوبٌ : ভয়ংকর, واحد مذكر - صفت مشبه (ض) الهيبة ভয় করা।

سِلْسِلَة : শিকল, চেইন, বেড়ী, বহুঃ سلاسل - التسلسل ক্রমবর্ধমান হওয়া, مضاعف رباعى -

مَمْدُوْدَة : واحد مؤنث - اسم مفعول ঝুলন্ত (ن) المد টানা, ঝুলানো।

هَيْأَة : ভঙ্গি, অবস্থা, বহুঃ هاء يهيئ সুগঠন হওয়া।

তারকীব : أَنَّ مُبَارِزًا مِّنَ الرّوم الخ : من الروم - مبارز এর সাথে মুতাআল্লিক হয়ে ان এর ইসম, فى زمان عمر بن الخطاب মুতাআল্লিক أَسَرَ এর সাথে। অতঃপর জুমলা হয়ে ان এর খবর, رضى الله عنه হলো جملةٌ معترضه

فَوُصِفَ لِكَلْبِ الرّوم الخ : لِكَلْبِ الرّوم মুতাআল্লিক, وصف ফে'লে মাজহুলের সাথে, رجل মওসূফ, قيام উহ্য موجود শিবহে ফে'লের সাথে মুতাআল্লিক হয়ে খবর, قوى ১ম সিফাত, هَيُوب ২য় সিফাত, মওসূফ সিফাত মিলে মুবতাদা, মুবতাদা খবর মিলে নায়িবে ফায়েল। ফে'ল, নায়িবে ফায়েল ও মুতাআল্লিক মিলে جملهٔ فعليه خبريه।

وَكَانَ بَيْنَ يَدَىْ الخ : بَيْنَ يَدَىْ كَلبِ الرّوم হলো كَان এর খবরে মুকাদ্দাম, আর سِلْسِلَةٌ مَمْدُوْدَةٌ হলো ইসমে মুয়াখ্যার-

حَتّٰى لَايدخلُ عَلَيْهِ احدٌ اِلَّا الخ : الا হরফে ইস্তিসনা, على هيئة الراكع মুস্তাসনা মুকাদ্দাম, لا يدخل عليه احد জুমলা হয়ে মুস্তাসনা, মুস্তাসনা ও মুস্তাসনা মিনহু মিলে মুফরাদের তাবীলে মাজরূর, حتى জার মাজরূর মিলে পূর্বের বাক্য ممدودة এর সাথে মুতাআল্লিক।

www.islamijindegi.com

فَقَالَ الرَّجُلُ لَوْ كَانَتِ الدُّنْيَا كُلُّهَا لَهُمْ مَمْلُوَّةٌ ذَهَبًا وَجَوْهَرًا وَاَعْطَوْهَا لِىْ بَدَلاً عَنْ سِمَاعِ اَذَانِ يَوْمٍ مَاقَبِلْتُهَا ـ فَقَالَ لَهُ كَلْبُ الرُّوْمِ : وَمَا الاذانُ ؟ فَقَالَ هُوَ اشْهَدُ اَنْ لَّا اِلٰهَ اِلَّا اللّٰهُ وَاشْهَدُ اَنَّ مُحَمَّدًا رَسُوْلُ اللّٰهِ ـ فَقَالَ كَلْبُ الرُّوْمِ اِنَّهُ قَدْ ثَبَتَ حُبُّ مُحَمَّدٍ فِىْ قَلْبِهٖ فَلَا يُمْكِنُهُ اَنْ يَرْجِعَ فِىْ هٰذِهِ السَّاعَةِ ـ ثُمَّ اَمَرَ بِاَنْ يُّوْضَعَ قِدْرٌ عَلَى النَّارِ وَيُوْضَعُ فِيْهِ مَاءٌ وَقَالَ اِذَا اشْتَدَّ غِلْيَانُهُ فَاَلْقُوْهُ فِيْهِ ـ فَفَعَلُوْا ذٰلِكَ ـ فَلَمَّا اَلْقُوْهُ فَقَالَ بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ـ فَدَخَلَ مِنْ جَانِبٍ وَخَرَجَ مِنْ جَانِبٍ اُخَرَ بِقُدْرَةِ اللّٰهِ تَعَالٰى ـ

অনুবাদ॥ তখন মুসলমান ব্যক্তি বললেন, সমগ্র পৃথিবী রোমবাসীদের জন্য যদি স্বর্ণ ও মণি মুক্তায় পূর্ণ হতো, আর তা একদিনের আযান শ্রবণের বিনিময়ে আমাকে প্রদান করতেন আমি তা গ্রহণ করতাম না। রোম স্রমাট বললেন আযান কী জিনিস? মুসলমান ব্যক্তি বললেন, আযান হচ্ছে– আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ব্যতীত কোনো ইলাহ নেই এবং আমি সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মদ (সা) আল্লাহর রাসূল। রোম সম্রাট বললেন এ লোকটির হৃদয়ে মুহাম্মদ (সা)-এর ভালোবাসা সুদৃঢ় হয়ে গেছে। অতএব, তার পক্ষে দ্বীন ত্যাগ করা অসম্ভব। এরপর তিনি নির্দেশ দিলেন যেন আগুনের ওপর একটি ডেকচি রেখে তা পানি দিয়ে পূর্ণ করে দেয়া হয়। পানি যখন গরমে টগবগ করবে তখন তাকে তোমরা ডেকচির ভেতর ফেলে দিবে। তারা তাই করলো। যখন তারা মুসলমান লোকটিকে ডেকচিতে নিক্ষেপ করলো, তিনি তখন বিস্‌মিল্লাহির রাহমানির রাহীম বলে আল্লাহর করুণায় এক দিক দিয়ে প্রবেশ করে ডেগের অপর দিক দিয়ে (সুস্থ শরীরে) বেরিয়ে আসলেন, লোকজন এ দেখে বিস্মিত হয়ে গেলো।

তাহকীক : مَمْلُوَّةٌ : واحد مؤنث ـ اسم مفعول পূর্ণ (ف) الملا পূর্ণ করা, মূলে مملوئة ছিলো, مهموز لام ـ

جَوْهَرٌ : মূল্যবান পাথর, স্বনির্ভর সত্তা, বহুঃ جواهر -

غِلْيَان : জোশ, উত্তেজনা, (ض) الغليان উত্তেজিত হওয়া, ناقص يائى -

خنزير : শূকর, বহুঃ خنازير -

তারকীব : لَوْكَانَتِ الدُّنْيَا كُلُّهَا الخ : لو হরফে শর্ত, الدنيا মুয়াক্কাদ, كلها তাকীদ মিলে كَانَتْ এর ইসম, لهم ـ كانت এর সাথে মুতাআল্লিক, مملوة মুমায়্যায, ذَهَبًا وَجَوْهَرًا তমীয মিলে كانت এর খবর। ফে'লে নাকিস তার ইসম ও খবর মিলে মা'তূফ আলায়হি, আর يوم .... وَاَعْطَوْهَا পর্যন্ত জুমলা হয়ে মা'তূফ। মা'তূফ ও মাতূফ আলায়হি মিলে শর্ত - مَا قَبِلْتُهَا হলো জাযা, শর্ত জাযা মিলে جملهٔ شرطيه।

مَا الاذانُ : ما **ইস্তিফহাম** মুবতাদা, الاذان খবর মিলে جملهٔ انشائيه

www.islamijindegi.com

فتعجّبوا من امره فأمر به كلب الروم ان يحبس في بيت مظلم ويمنع عنه الطعام والشراب ويلقى له لحم الخنزير والخمر اربعين يومًا ـ فلما تم الاربعون فتحوا عليه الباب فرأوا جميع ما القوه له بين يديه لم يأكل منه شيئًا ـ فقالوا كيف لاتاكل منه واكله جائز في دين محمد (صلى الله عليه وسلم) عند الضرورة ؟ فقال لهم : لو اكلت لفرحتم وانما اردت اغاظتكم ـ فقال له كلب الروم حيث لم تاكل من ذلك فاسجدلي حتى اخلي سبيلك وسبيل من معك من الاسارى ـ فقال له ان السجود في دين محمد صلى الله عليه وسلم لا يجوز الا لله تعلى ـ فقال له قبل يدي حتى اخلي عنك وعمن معك من الاسارى ـ فقال له : ان هذا لايجوز الا للاب او للسلطان العادل او للاستاذ، فقال له فقبل جبهتي ـ فقال افعل هذا بشرط ـ فقال له افعل ماتريد ـ فوضع كمه على جبهته وقبلها ناويا تقبيل كمه ـ فخلى سبيله ومن معه من الاسارى واعطاه مالا كثيرا وكتب الى عمربن الخطاب رضى الله تعلى عنه- لو كان هذا في بلادنا في ديننا لكنا نعتقد عبادته ـ فلما جاء الى عمر رضى الله تعالى عنه ـ قال له لاتختص بالمال وحدك بل شارك فيه اهل مدينة رسول الله صلى الله عليه وسلم ـ ففعل ذلك ـ

অনুবাদ॥ রোম সম্রাট আদেশ করলেন, তাকে একটি অন্ধকার গৃহে আবদ্ধ করে তার পানাহার বন্ধ করে দেয়া হোক এবং চল্লিশ দিন পর্যন্ত তার সামনে শুধু শূকরের গোশ্‌ত এবং শরাব রেখে দেয়া হোক। চল্লিশ দিন পূর্ণ হয়ে গেলে প্রহরীরা তার বন্দীখানার দরজা খুলে দিলো। দেখলো তার সামনে যা কিছু খেতে দেয়া হয়েছিলো সব তার সামনে স্ব-অবস্থায় বিদ্যমান। তা থেকে সে কিছুই খাননি। লোকেরা তাকে বললো, তুমি এগুলো খাওনি কেন? অথচ প্রয়োজনের তাগিদে মুহাম্মদ (সা) এর ধর্মে এসব খাওয়া বৈধ আছে। তিনি জবাব দিলেন, আমি যদি এগুলো খেতাম, তোমরা আনন্দিত হতে। আর আমি তো তোমাদেরকে ক্রোধান্বিত করতে চেয়েছি। রোম সম্রাট বললেন, তুমি যখন এর কিছুই খেলে না, এখন

www.islamijindegi.com

আমাকে তুমি সেজদা করো, তাহলে আমি তোমাকে ও তোমার সঙ্গীদেরকে মুক্ত করে দেবো। মুসলমান লোকটি বললেন, মুহাম্মদ (সা)-এর দ্বীনে আল্লাহ ব্যতীত অন্য কাউকে সেজদা করা বৈধ নয়। তখন রোম সম্রাট বললেন, তুমি আমার হাত চুম্বন করো। তাহলে তোমাকে এবং তোমার সঙ্গীদেরকে মুক্ত করে দেবো। তিনি বললেন, এটা ন্যায় পরায়ন বাদশাহ, পিতা অথবা শিক্ষক ব্যতীত কারো জন্যে বৈধ্য নয়। সম্রাট বললেন, তবে আমার ললাটে চুম্বন করো। লোকটি বললেন, একটি শর্তে আমি তা করতে পারি। সম্রাট বললেন, তুমি যেভাবে চাও করো। তিনি তার জামার আস্তিন রোম সম্রাটের ললাটে রেখে তাতে চুম্বন করলেন। ফলে রোম সম্রাট তাকে ও তার বন্দী সাথীদেরকে মুক্ত করে দিলেন এবং প্রচুর মাল সামগ্রী উপহার দিলেন সাথে সাথে ওমর (রা)-এর নিকট এ মর্মে পত্র লিখলেন যে, এই লোকটি যদি আমার দেশের আমার ধর্মের হতো, তবে অবশ্যই তাকে আমরা ইবাদতের যোগ্য মনে করতাম। যখন মুসলিম বাহাদুর ব্যক্তি ওমর (রা)-এর নিকট পৌঁছলেন– ওমর (রা) তাঁকে বললেন, এ সম্পদ শুধু তোমার নিজের জন্যেই খাছ করো না। বরং এ সম্পদের সাথে রাসূল (সা)-এর শহরের অধিবাসীদেরকেও ভাগীদার করো। মুসলমান বাহাদুর তাই করলেন।

তাহকীক : اِغَاظَةٌ : রাগান্বিত করা, افعال এর মাসদার, غَيْظٌ ক্রোধ।

سُلْطَانٌ : বাদশাহ, দলিল, ক্ষমতা, বহুঃ سَلَاطِيْنُ -

كُمٌّ ঃ হাতা, টুপী, বহুঃ كِمَامٌ ,كِمَامٌ، أَكْمَامٌ - (ن) الكَمُّ গোপন করা।

তারকীব: كَمْ لِلرُّوْمِ مِنَ الدُّنْيَا : এখানে كم استفهاميه এর তমীয মাহযূফ অর্থাৎ حِصَّةٌ - মুমায়্যায তমীয মিলে মুবতাদা, ثَابِتٌ لِلرُّوْمِ مِنَ الدُّنْيَا খবর।

أَشْهَدُ أَنْ لَّا إِلٰهَ إِلَّا الخ : اشهد ফে'ল ফায়েল, ان হলো مخففه - لا হলো لائے نفی جنس আর الا মুস্তাসনা মিনহু, موجود শিবহে ফে'ল মাহজুফ لا এর খবর, الا হরফে ইস্তিসনা, الله শব্দটি মুস্তাসনা, মুস্তাসনা ও মুস্তাসনা মিনহু মিলে لا এর ইসম, لا তার ইসম ও খবর মিলে اشهد এর মাফউল।

فَلَمَّا تَمَّ الْأَرْبَعُوْنَ فَتَحُوْا الخ : لما শর্তিয়া, تم الاربعون ফে'ল ফায়েল মিলে শর্ত, فَتَحُوْا عَلَيْهِ الْبَابَ জুমলা হয়ে জাযা।

فَرَأَوْا جَمِيْعَ مَا أَلْقَوْهُ الخ : راوا ফে'ল, واو ফায়েল, جميع মুযাফ এবং ما মওসূল, القوه له জুমলা হয়ে সিলা, মওসূল সিলা মিলে মুযাফ ইলায়হি, মুযাফ ও মুযাফ ইলায়হি মিলে راوا এর মাফউল, بين يديه ২য় মাফউল বা মুতাআল্লিক মিলে جملةٌ فعليةٌ خبريةٌ।

لَا تَخْتَصَّ بِالْمَالِ وَحْدَكَ : لا تختص এর যমীর জুলহাল, مُتَوَحِّدًا - وحدك এর অর্থে হাল।

www.islamijindegi.com

حكايت -١٣: حكى اَنَّ عِيْسٰى عليه السلامُ كانَ فِىْ سِيَاحَتِهٖ. فَنَظَرَ الٰى جَبَلٍ عالٍ. فقصَدَهٗ فَاِذَا بِصَخْرَةٍ فِىْ ذُرْوَتِهٖ اشدَّ بَيَاضًا مِنَ اللَّبَنِ. فصارَ يَمْشِى حَوْلَهَا ويتعجَّبُ مِنْ حُسْنِهَا. فاوحى اللّٰهُ اليْهِ يَاعِيْسٰى! اتُحِبُّ اَنْ اُبَيِّنَ لَكَ الْاَعْجَبَ مِمَّا تَرٰى ؟ قال نَعَمْ يَارَبِّ. فَانْفَلَقَتِ الصَّخْرَةُ عَنْ شَيْخٍ عَلَيْهِ مِدْرَعَةٌ مِنَ الشَّعْرِ وبِيَدِهٖ عُكَازٌ اَخْضَرُ وبَيْنَ عَيْنَيْهِ عِنَبٌ وهُوَ قَائِمٌ يُصَلِّى. فَتَعَجَّبَ عِيْسٰى عَلَيْهِ السَّلامُ مِنْ ذٰلِكَ. فَقَال يَاشَيْخُ مَا هٰذَا الَّذِىْ اَرٰى ؟ فَقَال هٰذَا رِزْقِىْ فِىْ كُلِّ يَوْمٍ. فقالَ لَهٗ كَمْ تَعْبُدُ اللّٰهَ فِىْ هٰذَا الْحَجَرِ؟ فَقَال اربَعُ مِائَةِ سَنَةٍ. فَقَال عِيْسٰى عليه السلامُ اِلٰهِىْ وَسَيِّدِىْ ! مَا اقولُ اِنَّكَ خَلَقْتَ خَلْقًا اَفْضَلَ مِنْ هٰذَا. فَاَوْحٰى اللّٰهُ عَلَيْهِ اِنَّ رَجُلا مِنْ اُمَّةِ مُحَمَّدٍ صلّى اللّٰه عليه وسلم اَدْرَكَ شَهْرَ شَعْبَانَ وصَلّٰى لَيْلَةَ النِّصْفِ مِنْه فهٰذِهٖ عِبَادَةٌ اَفْضَلُ عِنْدِىْ مِنْ عِبَادَةِ هذِهِ الْاَرْبَعِمِائَةِ سَنَةٍ. فَقَال عِيْسٰى عليه السلامُ يَالَيْتَنِىْ كُنْتُ مِنْ اُمَّةِ محمّدٍ صلّى اللّٰه عليه وسلمَ.

(১৩) পাথরের ভেতর বৃদ্ধ

অনুবাদ॥ বর্ণিত আছে, একদা হযরত ঈসা (আ) ভ্রমণে বের হলেন। তিনি এক সুউচ্চ পাহাড় দেখতে পেয়ে সেদিকে অগ্রসর হলেন। হঠাৎ করে পাহাড়ের চূড়ায় একটি শক্ত পাথর তাঁর দৃষ্টিগোচর হলো, যা দুধের চেয়েও শুভ্র-স্বচ্ছ। তার চারপাশে তিনি হাঁটতে লাগলেন এবং তার সৌন্দর্যে অভিভূত হতে লাগলেন। আল্লাহপাক তাঁর নিকট ওহী প্রেরণ করলেন, হে ঈসা! তুমি যা দেখছো এর চেয়েও বিস্ময়কর বিষয় আমি তোমার সামনে প্রকাশ করবো, তুমি কি তা পছন্দ করো? ঈসা (আ) বললেন, জি-হ্যাঁ, হে আমার প্রভু! আপনি তা করুন। পাথরটি তখন ফেটে গেলো। তিনি তার মধ্যে একজন বুযুর্গ ব্যক্তিকে দেখতে পেলেন। তার পরনে রয়েছে পশমি জুব্বা, হাতে তার একটি সবুজ ছড়ি এবং তার দু'চোখের সামনে রয়েছে আঙ্গুর আর সে বুযুর্গ দাঁড়িয়ে নামায পড়ছেন।

www.islamijindegi.com

হযরত ঈসা (আ) অতীব বিস্মিত হয়ে বললেন, হে শাইখ! একি আমি দেখছি? শাইখ বললেন, এটা আমার দৈনন্দিনের রিযিক, হযরত ঈসা (আ) তাঁকে বললেন, কতোদিন পর্যন্ত আপনি এ পাথরের মধ্যে উপাসনায় রয়েছেন? তিনি বললেন, চারশ' বছর ধরে। ঈসা (আ) বলে উঠলেন, হে আমার মা'বুদ! হে আমার প্রভু! আমি বলতে পারি না যে, আপনি এর চেয়ে কোনো উত্তম মাখলুক আর সৃষ্টি করেছেন কিনা। আল্লাহ ওহী পাঠালেন– মুহাম্মদ (সা)-এর উম্মতের যে কেউ শা'বান মাস পায় আর সে উক্ত মাসের পনেরো তারিখের রজনীতে এবাদত করে। তা আমার নিকট চারশত বছর ইবাদতের চেয়েও উত্তম। এ কথা শুনে হযরত ঈসা (আ) বললেন, হায়! যদি আমি মুহাম্মদ (সা) -এর উম্মত হতাম।

তাহকীক : سَيَّاحٌ : মাসদার, বাবে ضرب - ভ্রমন করা, سِيَاحَةٌ (ض) سَاحَ : ভ্রমণকারী, পর্যটক।

عَالٍ : واحد مذكر ـ اسم فاعل (ن) العلو উঁচু হওয়া, ناقص واوى

صَخْرَةٌ : বড়ো পাথর, বহুঃ صُخْر ـ صُخُر ـ صُخُور -

ذُرْوَةٌ : টিলা, চূড়া, প্রত্যেক বস্তুর উপরিভাগ, বহুঃ ذُرًى -

اِنْفَلَتَتْ : واحد مؤنث ـ ماضى ـ انفعال ـ الانفلات ফেটে যাওয়া।

مِدْرَعَةٌ : জুব্বা, কোট, বহু : مَدَارِع -

عُكَّازٌ : নিম্নাংশে ধারযুক্ত লাঠি বিশেষ, বহুঃ عَكَاكِيز -

তারকীব : فَانْفَلَتَتِ الصَّخْرَةُ عَنْ شَيْخٍ الخ : الصخرة হলো انفلتت এর ফায়েল। عَنْ شَيْخٍ মুতাআল্লিক, مِنَ الشَّعْرِ উহ্য حاصلة সাথে মুতাআল্লিক হয়ে مدرعة এর সিফাত, مِدْرَعَة মওসূফ তার সিফাত মিলে مبتداء مؤخر - عليه উহ্য لابس এর সাথে মুতাআল্লিক হয়ে خبر مقدم - অতঃপর জুমলা হয়ে মা'তূফ আলাইহি, এভাবে بِيَدِهٖ عُكَّازٌ أَخْضَرُ উহ্য كان এর সাথে মুতাআল্লিক হয়ে মা'তূফ আলাইহি ও মাতূফ, এভাবে بين عينيه عنب মুতাআল্লিক হয়ে মা'তূফ, উভয় মা'তূফ আলায়হি মিলে সিফাত - شيخ মওসূফ তার সিফাত মিলে মাজরূর।

يَاشَيْخُ مَاهٰذَا الخ : يا شيخ নেদা, استفهاميه ما হলো خبر مقدم আর الذى মওসূল, ارى সিলা মিলে مبتداء مؤخر - অতঃপর জুমলা হয়ে جواب ندا।

يَالَيْتَنِىْ كُنْتُ الخ : يا নেদা মুনাদা (القوم বা الله) মিলে নেদা, ليت হরফে মুশাব্বাহা, نى এর নূনটি نون وقايه, আর ياء متكلم ইসম كنت من امة محمد জুমলা হয়ে খবর, অতঃপর জুমলা হয়ে جواب ندا।

www.islamijindegi.com

حكايت -١٤: حُكِيَ اَنَّهُ كَانَ الحُكْمُ فِيْ زَمَنِ اِبْرَاهِيْمَ الخَلِيْلِ عليه السلام لِلنَّارِ. فَالمُحِقُّ يُدْخِلُ يَدَهُ فِيْهَا فَلَا تُحْرِقُهُ، وَالمُبْطِلُ يُدْخِلُ يَدَهُ فِيْهَا فَتُحْرِقُهُ. وكَانَ الحُكْمُ فِيْ زَمَنِ مُوْسٰى عليه السلام لِلْعَصَا فَتَسْكُنُ لِلْمُحِقِّ وتَضْرِبُ لِلْمُبْطِلِ. وكَانَ الحُكْمُ فِيْ زَمَنِ سُلَيْمَان عليه السلام لِلرِّيْحِ تَسْكُنُ لِلْمُحِقِّ وتَرْفَعُ لِلْمُبْطِلِ ثُمَّ تُسْقِطُهُ عَلَى الْاَرْضِ وكَانَ الحُكْمُ فِيْ زمَنِ داوُد عليه السلام لِلسِّلْسِلَةِ المُعَلَّقَةِ، فَالمُحِقُّ تَصِلُ يَدَهُ اِلَيْهَا بِخِلَافِ المُبْطِلِ. وأَمَّا فِيْ زَمَنِ محمَّد صلى الله عليه وسلم فالحُكْمُ لَهُمَا بِالْاِقْرَارِ وَاِقَامَةِ الْبَيِّنَةِ. قال اللّٰهُ تعٰلى : يُرِيْدُ اللّٰهُ بِكُمُ الْيُسْرَ ولا يُرِيْدُ بِكُمُ العُسْرَ. وَرُوِىَ عَنِ التِّرمِذِيِّ اَنَّ اليُسْرَ اِسْمٌ لِلجَنَّةِ لِاَنَّ جَمِيْعَ اليُسْرِ فِيْها. والعُسْرُ اسْمٌ لِلنَّارِ لِانَّ جَمِيْعَ العُسْرِ فِيْها. وقِيْلَ غيرُ ذٰلِكَ.

(১৪) যে নবীর যে বিচার পদ্ধতি

অনুবাদ॥ বর্ণিত আছে, হযরত ইব্রাহীম খলিল (আ)-এর যুগে আগুনের ফায়সালা মানা হতো। যে সত্যের ওপর থাকতো তাঁর হাত আগুনে প্রবেশ করালে আগুন তাকে জ্বালাতো না। আর যে অসত্যের ওপর থাকতো সে আগুনে হাত প্রবেশ করালে আগুন তাকে জ্বালিয়ে দিতো। হযরত মূসা (আ)-এর যুগে লাঠির ফায়সালা ছিলো। যে সত্যের ওপর থাকতো তার ক্ষেত্রে লাঠি স্থির থাকতো, আর যে অসত্যের ওপর থাকতো লাঠি তাকে (একাকীই) প্রহার করতো। হযরত সুলাইমান (আ)-এর যুগে বাতাসের ফায়সালা মানা হতো। যে ব্যক্তি সত্যের ওপর প্রতিষ্ঠিত হতো বাতাস তার জন্যে স্থির থাকতো। আর যে অসত্যের ওপর থাকবো বাতাস তাকে ওপরে উঠিয়ে নিয়ে যমীনে আছড়ে ফেলতো।

হযরত যুলকারনাইনের যুগে ফায়সালা ছিলো পানির। সত্যপন্থী ব্যক্তি পানির ওপর বসলে পানি জমে যেতো। আর অসত্যপন্থী পানির ওপর বসলে পানি তরল হয়ে যেতো। হযরত দাউদ (আ)-এর যুগে ঝুলন্ত শিকলের ফায়সালা ছিলো। সত্যবাদীর হাত ঝুলন্ত শিকল নাগাল পেতো, আর অসত্য ব্যক্তির হাত তা নাগাল

www.islamijindegi.com

পেতো না। হযরত মুহাম্মদ (সা) -এর যুগে উভয়ের জন্যে স্বীকারোক্তি অথবা প্রমাণ উপস্থাপনের দ্বারা ফায়সালা হয়। আল্লাহ তা'আলা বলেন, আল্লাহ তোমাদের জন্যে সহজ চান, তোমাদের জন্যে যা কষ্টকর তা চান না। হযরত তিরমিযী (রহ) হতে বর্ণিত। يسر হলো জান্নাতের নাম। কারণ, তাতে যাবতীয় সহজতা রয়েছে। আর عسر হলো জাহান্নামের নাম। কারণ তাতে রয়েছে যাবতীয় কঠোরতা। এছাড়াও এ সম্পর্কে আরো কিছু অভিমত রয়েছে।

ফায়েদা : যুলকারনাইন একজন ন্যায় পরায়ণ বাদশাহ ছিলেন। সমগ্র পৃথিবীতে তিনি রাজত্ব করেছেন। তিনি হযরত ইব্রাহীম (আ)-এর যুগের লোক ছিলেন বলে কেউ কেউ একটি হাদিস উল্লেখ করেছেন। কেউ বলেন, তিনি নবী ছিলেন। তবে বিশেষজ্ঞ ঐতিহাসিকগণের নিকট এই অভিমত গ্রহণযোগ্যতা পায়নি।

তাহকীক : مُحِقٌّ : واحد مذكر - اسم فاعل হকপন্থী, বাবে الْاِحْقَاقُ - افعال হক কথা বলা, مُضاعف ثلاثى -

تَحْرِقُ : واحد مؤنث غائب - مضارع - افعال - الاحراق জ্বালানো।

تَسْكُنُ : واحد مؤنث غائب - مضارع - (ن) السُّكون স্থির থাকা।

سليمان : সমগ্র বিশ্বের বাদশাহ বিশিষ্ট নবীর নাম, গায়রে মুনসারিফ।

تَصِلُ : واحد مؤنث غائب - مضارع (ض) الوصول পৌঁছানো, مثال واوى

كَانَ الْحُكْمُ فِىْ زَمَنِ ابْراهيم الخ : الحكم হলো كان এর ইসম, فى زمان ابراهيم الخليل মুতাআল্লিক উহ্য نافذا এর সাথে, نازلة - عليه এর সাথে মুতাআল্লিক হয়ে خبر مقدم - আর السلام - مبتداء مؤخر - মিলে جمله معترضه। للنار মুতাআল্লিক, نافذ শিবহে ফে'ল তার ফায়েল ও মুতাআল্লিক মিলে খবর।

(وكان الحكم في زمن ذي القرنين (الخ) [illegible]
[illegible]

[illegible]



www.islamijindegi.com

حكايت - ١٥: حكى انّ سُفيانَ الثّوريَّ رضى تعالى عنه قال : اقمتُ بمكّه ثلث سنين . وكانَ رَجُل منْ اَهْلِها يَاتِى كلّ يوم عند الظّهيْرَةِ الى المَسْجِدِ . فيطوفُ ويُصلّى ركعتيْن ثمّ يسلّمُ علَىَّ ثم يَرْجِعُ الى بَيْتِهِ . فحَصَل لى به اُلْفَةٌ ومُحَبَّةٌ وصِرْتُ اترَدَّدُ اليه . فحَصَل لهُ مَرضٌ فدَعَانى وقال لِى اذا مِتُّ فاغْسِلْنِى بِنَفْسِك وصَلِّ عَلَىَّ وادْفِنِّى ولا تَتْرُكْنِى تِلْكَ اللَّيْلَةَ وَحِيْداً فِى قَبْرِى ولَقِّنِّى التّوحيْدَ عنْدَ سُوالِ مُنكرٍو نَكيْرٍ - فضَمِنْتُ لهُ ذلك . فلمّا ماتَ فعلتُ مَا امَرَنِى بِهِ وبِتُّ عِنْدَ قبرِهِ . فبَيْنَما انا بَيْنَ النّائِمِ وَالْيَقْظانِ سَمِعْتُ هَاتِفًا مِنْ فَوْقِى يُنادِى :يَاسُفيَان ! لاحَاجَةَ لَهُ الى تَلقِيْنِكَ وَلا الى اُنسِكَ لِاَنّا اَنْسَنَاهُ ولَقنَّاهُ . فَقلتُ بِمَاذا ؟ فقِيْلَ بِصِيَامِهِ شَهْرَ رَمَضَان وَاَتْبَاعِهِ بِستّةٍ مّنْ شَوّالٍ . فَاسْتَيْقَظتُ فَلَمْ اَرَ احدًا فتَوَضّاتُ وصَلّيْتُ حَتّى نِمْتُ فرايْتُ مِثْلَ الاولِ وهٰكذا ثلٰثُ مرّاتٍ . فعَرَفْتُ اَنّهُ مِنَ الرّحمٰنِ لاَ مِنَ الشّيْطانِ . فانْصرَفْتُ عنْ قَبْرِهِ وقلتُ : اللّٰهمَّ وفّقْنِى لِصِيَام ذٰلك بِمَنّك وكَرَمِك اٰمِيْن -

(১৫) কবরে আমায় একা রেখো না

অনুবাদ॥ বর্ণিত আছে, সুফিয়ান সাওরী (র) বলেন, আমি মক্কাতে তিন বছর অবস্থান করেছিলাম। দৈনিক একব্যক্তি দুপুরের সময় মসজিদে হারামে এসে তাওয়াফ করতো, দুই রাকাত নামায আদায় করতো এবং আমাকে সালাম দিয়ে আপন গৃহে ফিরে যেতো। ক্রমান্বয়ে তার সাথে আমার হৃদ্যতা ও বন্ধুত্বের সম্পর্ক গড়ে ওঠে। আমি তার নিকট আসা-যাওয়া করতাম। একবার সে রোগাক্রান্ত হলে আমাকে ডেকে বললো, আমার মৃত্যু হলে আপনি নিজেই আমার গোসল দেবেন। আমার জানাযা পড়ে আমাকে দাফন করবেন। রাতে আমাকে কবরে একা ফেলে চলে আসবেন না। মুনকার নাকীরের প্রশ্নকালে আমাকে তাওহীদের তালক্বীন করবেন। আমি তার এসবের দায়িত্ব নিলাম।

তিনি যখন মৃত্যুবরণ করলেন, তার নির্দেশিত যাবতীয় বিষয় আমি পালন করলাম এবং তার কবরের নিকট রাত যাপন করলাম। নিদ্রা ও জাগরণের অবস্থায়

www.islamijindegi.com

ছিলাম, এমন সময় আমি আমার ওপর থেকে এক অদৃশ্য ব্যক্তিকে আওয়াজ দিতে শুনলাম, হে সুফিয়ান! তোমার তালকীনের এবং তার সঙ্গ দেয়ার প্রয়োজন নেই। কেননা, আমিই তার সঙ্গ দিচ্ছি এবং আমিই তার তালকীন করছি। আমি জিজ্ঞেস করলাম, এ তালকীন কিসের বদৌলতে? বলা হলো তার রমযানের রোযা ও তার পরবর্তী শাওয়ালের ছয় রোজা রাখার কারণে। জাগ্রত হয়ে আমি কাউকে দেখতে পেলাম না। আমি উযু করে নামায আদায় করলাম। অতঃপর ঘুমিয়ে পড়লাম। (স্বপ্নে) আমি প্রথমবারের মতোই দেখলাম। তিনবার এরূপ ঘটলো। আমি বুঝতে পারলাম যে, এ স্বপ্ন আল্লাহর পক্ষ থেকেই; শয়তানের পক্ষ থেকে নয়। এরপর আমি তার কবর থেকে ফিরে এলাম। আর বললাম, হে আল্লাহ! আপনার অনুগ্রহে আমাকে এ সকল রোযা আদায় করার তাউফীক দিন।

তাহকীক : سُفيان الثورى : খলীফা সুলায়মান ইবনে আব্দুল মালিকের আমলে ৯৯ হিজরি সনে জন্ম গ্রহণ করেন। বিশিষ্ট বুজর্গ ও প্রখ্যাত মুহাদ্দিস, মুজতাহিদ ও তাবেয়ী ছিলেন, পিতার নাম سعيد بن مسروق সাওর মিশরের এক শাখা বংশের নাম। তাঁর উপনাম আব্দুল্লাহ। তিনি কূফার অধিবাসী ছিলেন, ১৬১ হি. সনে ইরাকের বসরায় ইন্তিকাল করেন।

ظَهِيْرَة : দুপুর, দ্বিপ্রহর, বহুঃ ظهائر -

أَلْفَة বন্ধুত্ব (س) الف الفا মহব্বত করা, مهموز فا ,الائتلاف যুক্ত হওয়া,

أَتَرَدَّدُ : واحد متكلم ـ تفعل ـ التردد বার বার আসা, সংশয় সৃষ্টি হওয়া।

يَقْظَان : واحد مذكر ـ فعلان এর ওযনে صفت مشبه জাগ্রত, مثال يائ -

أُنْسُنَا : جمع متكلم ـ مفاعلة ـ الموانسة সান্ত্বনা দেয়া, مهموز فا -

---

তারকীব : اقمتُ بِمَكَّة ثلُثَ سِنِيْن : بمكة মুতাআল্লিক اقمت এর সাথে, ثلث মুমায়্যায, سنين তমীয মিলে مفعول -

فَبَيْنَمَا انا بَيْنَ النَّائِم الخ : بينما এর ما টি অতিরিক্ত, بين মুযাফ, انا মুবতাদা, بَيْنَ النَّائم واليَقْظان - كائن মাহযূফের সাথে মুতাআল্লিক হয়ে খবর, মুবতাদা খবর মিলে জুমলা হয়ে بين এর মুযাফ ইলায়হি, মুযাফ ও মুযাফ ইলায়হি মিলে সামনে উল্লিখিত سمعت এর সাথে মুতাআল্লিক।

بِصِيَامِهٖ شهرَ رَمَضان الخ : এর পূর্বে ওপরের ন্যায় اُنْسُنَاهُ উহ্য রয়েছে। তার সাথে بصيامه মুতাআল্লিক। আর شهْر رَمَضَان মা'তুফ আলাইহি اِتِّبَاع মাসদারের সাথে মুতাআল্লিক, اِتِّبَاع ـ بِسِتَّة من شوال মাসদর র মুযাফ, মুযাফ ইলায়হিও এ মুতাআল্লিক মিলে মা'তূফ। মা'তুফ ও মা'তূফ আলায়হি মিলে صيام মাসদারের মাফউল।

www.islamijindegi.com

حكايت- ١٦ : حُكِيَ أَنَّ عَابِدًا عَبَدَ اللّٰهَ مِائَةَ سَنَةٍ فِي صَوْمَعَتِهِ - فَوَسْوَسَ لَهُ الشَّيْطَانُ - فَنَزَلَ مِنْ صَوْمَعَتِهِ ودَخَلَ الْبَلَدَ لِزِيَارَةِ اَقَارِبِهِ واَصْدِقَائِهِ لِلّٰهِ تَعَالٰى - فتعلّقَ بِهِ صَدِيقٌ لَهُ وَاَدْخَلَهُ الٰى بَيْتِهِ واَحْلَفَهُ بِاللّٰهِ اَنْ يُسَاعِدَهُ عَلٰى مَا هُوَ عَلَيْهِ - فَسَاعَدَه فِيْ ذلك سَبْعَةَ اَشْهُرٍ - فَنَامَ لَيْلَةً مِنَ اللَّيَالِيْ - فَلَمَّا كَانَ عِنْدَ السَّحْرِ صَاحَ صَيْحَةً مُنْزعِجَةً - فقامَ صَاحِبُ الْمَنْزِلِ مُنْزَعِجًا - فقَالَ لَهُ مَالَك ؟ فقَالَ اَوْقِدْ لِيْ سِرَاجًا - فَاَوْقَدَ لَهُ - فَقَالَ لَهُ كُنْتُ نَائِمًا فرايتُ شَابًّا حَسَنَ الْوَجْهِ نظيفَ الثِّيَابِ - فَقَالَ لِيْ انا رسولُ اللّٰهِ فايَّ عَيْبٍ رَايْتَ مِنَ اللّٰهِ وَرَسُوْلِهِ حَتّٰى تركتَ عِبَادَتَهُ اِرْجِع الٰى صَوْمَعَتِكَ قَبْلَ ان تَمُوْتَ - فَخَرَجَ العَابِدُ فِيْ اللَّيْلِ ، فَلَمْ يَزَلْ يَطُوفُ فِي الْمَفَاوِزِ وَيَشْرَبُ مِنْ مَاءِ الْمَطَرِ وَيَاكُلُ مِنَ وَرَقِ الشَّجَرِ ، وَيُنَادِيْ اِلٰهِيْ! بَدَنِيْ مَكْرُوبٌ وقَلْبِيْ مَعْيُوبٌ وَلِسَانِيْ مُقِرٌّ بِالذُّنُوبِ فَاغْفِرْلِيْ يَا غَفَّارَ الذُّنُوْبِ وَيَاعَلّامَ الْغُيُوْبِ - فَلَمَّا دَنَا مِنْ صَوْمَعَتِهِ وهَمَّ بِدُخُولِهَا فَاَدْخَلَ رِجْلاً وَاجِدَةً فَرَاٰى شَيْئًا مَكْتُوبًا فَتَامَّلَ فِيْهِ فَرَاٰى اَرْبَعَةَ اَسْطُرٍ - تَوَكَّلْتَ عَلَيْنَا فَكَفَيْنَاكَ واٰثَرْتَ عَلَيْنَا فَتَرَكْنَاكَ - وَاَقْبَلْتَ عَلَيْنَا فَقَبِلْنَاك وفَارَقْتَ الذُّنُوْبَ فَغَفَرْنَاهَا لَكَ ورَحِمْنَاكَ وطَمِعْتَ فِيْمَا عِنْدَنا فَاَعْطَيْنَاكَ -

(১৬) বৃষ্টির পানিতে জীবন ধারণ

অনুবাদ॥ বর্ণিত আছে, এক আবেদ একশো বছর ইবাদত করলো। অতঃপর শয়তান তাকে ধোকা দিলো। ফলে তিনি ইবাদতখানা থেকে নেমে তার আত্মীয় স্বজন ও বন্ধু-বান্ধবদের সহিত সাক্ষাতের নিমিত্তে শহরে প্রবেশ করলেন।

www.islamijindegi.com

(পথিমধ্যে) তার এক বন্ধুর সাথে সাক্ষাৎ হলে সে তাকে নিজ গৃহে নিয়ে গেলো। (বন্ধু) আল্লাহর শপথ করে তার কাজে সাহায্য করার জন্যে তাকে বললো। তিনি সাত মাস পর্যন্ত বন্ধুর কাজে সাহায্য করলেন, একরাতে তিনি ঘুমিয়েছিলেন, শেষ রাতে তিনি এক ভয়ঙ্কর চিৎকার দিলেন, ফলে বাড়ির মালিক অস্থির হয়ে ঘুম থেকে জেগে উঠলেন, এবং বললেন, তোমার কী হয়েছে? আবেদ বললেন, বাতি জ্বালান।

বাতি জ্বালানো হলো। (এবার) আবেদ বললেন– আমি ঘুমিয়ে ছিলাম। স্বপ্নে এক সুদর্শন পরিচ্ছন্ন পোষাক পরিহিত এক যুবককে দেখলাম। যুবক বললো, আমি আল্লাহর রাসূল! তুমি আল্লাহ ও তাঁর রাসূলের মধ্যে কি ক্রুটি দেখলে যার দরুন ইবাদত পরিত্যাগ করলে? মৃত্যুর (ঘণ্টা বাজার) পূর্বেই তুমি নিজ ইবাদতগৃহে ফিরে যাও। এরপর আবেদ সে রাতেই বের হয়ে পড়লেন। তিনি অনবরত বনে বনে ঘুরতে থাকেন এবং বৃষ্টির পানি পান করে, বৃক্ষের পাতা খেয়ে ফরিয়াদ করতে থাকেন, হে আল্লাহ! আমার দেহ কষ্ট-ক্লেশে পরিশ্রান্ত, আমার হৃদয় কলুষিত, আমার মন গুনাহ স্বীকারকারী, তুমি আমাকে ক্ষমা করো, হে অপরাধ মার্জনাকারী! হে অদৃশ্য বিষয়ে অবহিত সত্তা।

তিনি যখন ইবাদতখানার নিকটবর্তী হলেন এবং তাতে প্রবেশ করার ইচ্ছা করলেন, একপা ইবাদতগৃহে রাখা মাত্রই তিনি লিখিত কয়েকটি পঙ্ক্তি দেখতে পেলেন। গভীর দৃষ্টি নিক্ষেপ করে তাতে এ চারটি ছত্র দেখতে পেলেন–

১. আমার ওপর তুমি ভরসা করেছো আমি তোমার জন্যে যথেষ্ট হয়ে গেলাম।

২. আমার ওপর অন্যকে প্রাধান্য দিয়েছিলে, তাই তোমাকে আমি পরিত্যাগ করেছিলাম।

৩. আমার দিকে তুমি অগ্রসর হয়েছো, বিধায় আমি তোমার আকুতি কবুল করলাম।

৪. তুমি পাপ বর্জন করেছো সুতরাং তোমাকে আমি ক্ষমা করে দিলাম এবং তোমার প্রতি রহমত বর্ষণ করলাম, তুমি আমার নিকট বিদ্যমান বস্তুর আশা করেছো, আমি তোমাকে তা দান করলাম।

তাহকীক : صَوْمَعَةٌ গির্জা, বহুঃ صَوَامِع -

وَسْوَسَ : واحد مذكر غائب . ماضى فَعْلَلَة বাবে الوَسْوَسَةُ কুমন্ত্রণ দেয়া, مضاعف رباعى -

أَقَارِب : أَقْرِبَة এর বহুঃ নিকটতম আত্মীয় স্বজন,

أَصْدِقَاء : صَدِيْق এর বহুঃ বন্ধু-বান্ধব -

www.islamijindegi.com

أَحْلَفَ : কসম দিলো, واحد مذكر ـ ماضى ـ افعال ـ (ف) حلفا শপথ করা, الإِحْلَاف শপথ দেয়া।

يُسَاعِدُ : مضارع ـ مفاعلة ـ الْمُسَاعَدَة কাজে সহায়তা করা।

صَاحَ : واحد مذكر ـ ماضى (ض) الصيحة চিৎকার করা, اجوف يائ -

مُزْعِجَة : واحد مؤنث ـ اسم فاعل ـ افعال ـ الازعاج অস্থির করা, الا نْعِزَاجُ অস্থির হওয়া।

أَوْقَدَ : امر ـ افعال ـ الايقاد জ্বালানো, مُوْقِد চুলা, مثال واوى -

هَمَّ : ماضى (ن) هم هما ইচ্ছা করা, (ن) مُهِمَّة চিন্তিত করা, مضاعف -

أَسْطُر : سطر এর বহুঃ লাইন, রেখা مِسْطَرَة রুলার, স্কেল।

أَثَرْتَ : واحد مذكر حاضر ـ ماضى ـ مفاعلة ـ المواثرة والايثار প্রাধান্য দেয়া, مهموز فا -

---

তারকীব : دَخَلَ الْبَلَدَ لِزِيَارَةِ أَقْرِبَائِه الخ : دخل ফে'ল ফায়েল, البلد মাফউল, لِزِيَارَةِ اقْرِبَائِه واَصْدِقَائِه জার-মাজরূর মিলে دخل এর সাথে মুতাআল্লিক, لله মুতাআল্লিক خالصا মাহজুফের সাথে, خالصا তার যমীর ও মুতাআল্লিক মিলে دخل এর ফায়েলের যমীর থেকে হাল।

تعالى : ফে'ল ফায়েল মিলে جملهٔ معترضه -

فقام صَاحِبُ الْمَنْزِل : صاحب المنزل জুলহাল, مُنْزَعِجًا হাল মিলে ফায়েল। مالك؟ : ما استفهامية মুবতাদা, لك ـ حاصل এর সাথে মুতাআল্লিক হয়ে খবর, অতঃপর جمله انشائيه -

فرأيت شَابًّا حَسَنَ الْوَجْه : شابا মওসূফ حسن الوجه ১ম সিফাত نظيف الثِّيَاب ২য় সিফাত মিলে মাফউল।

توكلت علينا فكفينا الخ : এখানে لما শর্তিয়া মাহজুফ রয়েছে, لنا تَوَكَّلْتُ عَلَيْنَا শর্ত - فكفينالك জাযা।

www.islamijindegi.com

حكايت -١٧: حُكِىَ أَنَّ الشِّبْلِىَّ رضىَ اللهُ عنه قال يَوْمًا فِىْ مَجلِسٍ وعظِهِ "اللّٰه" بِالْهَيْبَةِ ـ فسَمِعَهُ شابٌّ فزَعَقَ زَعْقَةً فمَاتَ فخاصمَه اوليائُهُ الَى السُّلطَانِ وَادَّعَوا عَلَيهِ بانّه قَتَلَ ولدَهُمْ ـ فَقَال له السُّلطانُ مَاتقوْل ؟ فقال يَا اميْرَ المُومنيْن ! روحٌ حَنَّتْ فرَنَّتْ فدُعِيَتْ فاجابَتْ فمَا ذُنْبِى؟ فبَكَى اميرُ المُؤمِنِيْن ثم قالَ لِأوْلِيَائِهِ : خَلّوا سَبِيْلَهُ فَلا ذنبَ لهُ - والله اعلم ـ

(১৭) 'আল্লাহ' শ্রবণেই যুবকের মৃত্যু

অনুবাদ॥ বর্ণিত আছে, হযরত শিবলী (রহ) একদিন গাম্ভীর্যপূর্ণ স্বরে স্বীয় মজলিসে আল্লাহ শব্দ উচ্চারণ করলেন। এক যুবক তা শুনে একটি বিকট চিৎকার দিলো এবং তৎক্ষণাতই মৃত্যুর কোলে ঢলে পড়লো। তার অভিভাবকগণ হযরত শিবলী (রহ)-এর বিরুদ্ধে বাদশাহর নিকট মামলা দায়ের করলো। তারা দাবী করলো যে, শিবলী (রহ) তাদের পুত্রকে হত্যা করেছে। বাদশাহ শিবলী (রহ)কে ডেকে জিজ্ঞেস করলেন, আপনার বিরুদ্ধে দায়েরকৃত হত্যার অভিযোগ সম্পর্কে আপনার বক্তব্য কী? তিনি বললেন, হে আমিরুল মু'মিনীন! ছেলেটির আত্মা অপেক্ষমান ছিলো, তা অস্থির ও ব্যাকুল হয়ে উঠলো, তাকে আহ্বান করা হলো আর সে তাতে সাড়া দিলো। এতে আমার অপরাধ কী? একথা শুনে আমীরুল মু'মিনীন কেঁদে ফেললেন এবং মৃত যুবকের অভিভাবকদেরকে বললেন, তোমরা তাকে ছেড়ে দাও, তিনি নিরপরাধ।

তাহকীক : شبلى – শিবলী (রহ)-এর আসল নাম জা'ফর। উপনাম আবু বকর, শিবলী হলো উপাধি। মা অরাউন্নাহার এর নিকটবর্তী একটি জনপদের নাম শিবলা। হযরত শিবলী-এর পূর্ব পুরুষ (পর দাদা) সেখানে আসা-যাওয়া করায় এনামে খ্যাতি লাভ করেন। ইরাকের বাগদাদ নগরে জন্ম গ্রহণ করেন। হযরত জুনায়েদ বাগদাদী-এর বিশিষ্ট মুরীদ ছিলেন। পরবর্তীকালে সূফী সাধকদের ইমামে পরিণত হন। তিনি মালেকী মাজহাবের অনুসারী ছিলেন, মুয়াত্তা মালিকের হাফেজ ছিলেন। তাঁর থেকে শত শত কারামত প্রকাশিত হয়।

৩৩ হি. সনের যিলহজ্ব মাসে৭৭ বছর বয়সে ইহধাম ত্যাগ করেন।

زَعَقَ : (ف) الزَّعْقُ চিৎকার করা,

خَاصَمَ : ماضى ـ مفاعلة ـ المخاصمة ঝগড়া করা।

حَنَّتْ : واحد مؤنث غائب ـ ماضى ـ (ض) الحنين সুখে বা দুঃখে শব্দ করা, بصله الى আগ্রহী হওয়া, مضاعف ثلاثى -

رَنَّتْ : (ض) الرنين স্বজোরে কান্নাকাটি করা مضاعف ثلاثى -

خلّوا : جمع مذكر حاضر ـ امر تفعيل التخلية ছেড়ে দেয়া, ناقص واوى -

তারকীব : قال يوما فى الخ : قال ফে'ল, يوما মাফউলে ফীহ্, فى مجلس وعظه ১ম মুতাআল্লিক, بالهيبة ২য় মুতাআল্লিক মিলে قول ـ الله হলো مقوله -

www.islamijindegi.com

حكايت -١٨: حُكِيَ أَنَّ ذَا النُّوْنِ الْمِصْرِى رح كَانَ يَصْطَادُ فِى الْبَحْرِ وَمَعَهُ بِنْتٌ لَهُ صُغَيْرَة. فَطَرَحَ شَبَكَةً. فَوَقَعَ فِيْهَا سَمَكَةٌ فَارَادَتْ أَخْذَهَا مِنَ الشَّبَكَةِ. فَرَأَتْهَا تُحَرِّكُ شَفَتَيْهَا فَطَرَحَتْهَا فِى الْبَحْرِ. فَقَالَ لَهَا لِمَاذَا ضَيَّعْتِ كَسْبَنَا ؟ فَقَالَت لَهُ: إِنِّى لَا أَرْضَى بِأَكْلِ خَلْقٍ يَذْكُرُ اللّٰهَ تَعَالٰى. فَقَالَ لَهَا أَبُوْهَا فَمَاذَا نَفْعَلُ ؟ فَقَالَت نَتَوَكَّلُ عَلَى اللّٰهِ تَعَالٰى وَهُوَ يَرْزُقُنَا رِزْقًا مِمَّا لَا يَذْكُرُ اللّٰهَ تَعَالٰى. فَتَرَكَ الصَّيْدَ وَمَكَثَا يَتَوَكَّلَانِ عَلَى اللّٰهِ تَعَالٰى إِلَى الْمَسَاءِ. فَلَمْ يَأْتِهِمَا شَيْءٌ. فَلَمَّا صَارَتْ وَقْتُ الْعِشَاءِ أَنْزَلَ اللّٰهُ عَلَيْهِمَا مَائِدَةً مِنَ السَّمَاءِ عَلَيْهَا أَلْوَانُ الطَّعَامِ. وَصَارَتْ تَنْزِلُ كُلَّ لَيْلَةٍ إِلَى نَحْوِ اثْنَتَى عَشَرَ سَنَةً. فَظَنَّ ذُو النُّوْنِ أَنَّ نُزُولَهَا بِسَبَبِ صَلٰوتِهِ وَصِيَامِهِ وَعِبَادَتِهِ وَطَاعَتِهِ. فَمَاتَتْ بِنْتُهُ فَلَمْ تَنْزِلْ مَائِدَةٌ بَعْدَهَا. فَعَلِمَ أَبُوهَا أَنَّ نُزُولَ الْمَائِدَةِ كَانَ بِسَبَبِهَا لَا بِسَبَبِهِ. فَرَجَعَ عَنْ ظَنِّهِ الْمَذْكُوْرِ.

(১৮) যূননূন মিসরী (র)

অনুবাদ॥ বর্ণিত আছে, হযরত যূননূন মিসরী (রহ) সমুদ্রে (মৎস্য) শিকার করতেন, সাথে থাকতো তার এক ছোট্ট মেয়ে। একবার তিনি (সমুদ্রে) জাল ফেললে তাতে একটি মাছ আটকে গেলো। মেয়েটি জাল থেকে তা ধরতে গিয়ে দেখলো, সেটি তার দু'ঠোঁট নাড়ছে। এ দেখে সে মাছটি সমুদ্রে ছেড়ে দিলো। হযরত যূননূন মিসরী (মেয়ের কাণ্ড) দেখে বললেন, আমাদের উপার্জন তুমি বিনষ্ট করে দিলে কেন? মেয়েটি বললো, এমন কোনো জীব আহারে আমি সম্মত নই যা আল্লাহর যিকির করে। পিতা মেয়েকে বললেন, তাহলে আমরা (এখন) কী করবো? মেয়ে বললো, আল্লাহর ওপর আমরা ভরসা করবো। তিনি আমাদের জন্যে এমন রুজীর ব্যবস্থা করবেন যা তার যিকির করে না। (মেয়ের কথায়) হযরত যূননূন মিসরী (রহ) মৎস্য শিকার ত্যাগ করলেন এবং পিতা-মাতা উভয়ে সন্ধ্যা পর্যন্ত আল্লাহর ওপর তাওয়াক্কুল করে বসে রইলেন।

www.islamijindegi.com

(রাত অবধি) তাদের নিকট (আল্লাহর পক্ষ থেকে) কিছুই আসলো না। এশার সময় আকাশ থেকে তাদের নিকট এমন এক খাঞ্চা অবতীর্ণ হলো, যাতে রকমারি (সুস্বাদু) খাবার ছিলো। এভাবে বারো বছর পর্যন্ত প্রতিরাতেই তাদের নিকট আসমানি খাদ্য অবতীর্ণ হতে থাকে। হযরত যূননূন (রহ) ভাবলেন, তার নামায, রোযা, ইবাদত ও আল্লাহর আনুগত্যের কারণেই আকাশ থেকে খাদ্য নেমে আসে। (একদিন তার এ পুণ্যবতী) মেয়েটির চির বিদায় ঘটে। এরপর আর আসমানি খাদ্য এলো না। এতে যূননূন (রহ) বুঝতে পারলেন যে, খাদ্যের অবতরণ তার মেয়ের কারণেই হতো, তার নিজের কারণে নয়। অতএব তিনি তার উল্লিখিত ধারণা পরিত্যাগ করলেন।

তাহকীক : ذَا النُّوْنِ الْمِصْرِى : ذا মূলত ذو এর حالتِ نصبى এর রূপ, অর্থাৎ ان আসায় واو এর পরিবর্তে الف এসেছে। نون অর্থ মাছ, বহুঃ انوان - نينان – নাম সাওবান ইবনে ইবরাহীম। উপনাম আবুল কায়স, উপাধি ذوالنون। তিনি মিশরের অধিবাসী ছিলেন, ইমাম মালেক ইবনে আনাস (র) -এর শীষ্য ও মুকাল্লিদ ছিলেন। ২৪৫ হি. সনে ৭৫ বছর বয়সে ইন্তিকাল করেন। এ ঘটনায় যূননূন নামে খ্যাতি লাভ করার ঘটনা বিবৃত হয়েছে।

يَصْطَادُ . واحد مذكر . مضارع . افتعال . الاصطياد শিকার করা, মাদ্দা صعد . اجوف يائ -

طَرَحَ : واحد مذكر غائب . ماضى . (ف) الطرح নিক্ষেপ করা,

شَبَكَة : জাল, বহুঃ شُبُك . شُبَّاك . شَبَكَات -

سَمَكَةٌ ঃ মাছ, বহুঃ سماك . سموك . اسماك

شَفَةٌ : বহুঃ شِفَاه ঠোঁট,

ضَيَّعْتِ : واحد مؤنث حاضر . ماضى . تفعيل নষ্ট করলে, اجوف يائ -

عِشَاء : রাতের প্রথম ভাগের অন্ধকার বা দিনের শেষাংশ, عشاء রাতের আহার, مَائِدَة : দস্তরখান, বহুঃ موائد -

---

তারকীব : كَانَ يَصْطَادُ فِى الْبَحْرِ وَمَعَهُ بِنْتٌ لَهُ صَغِيْرَةٌ : فى البحر মুতাআল্লিক يصطاد এর সাথে, بنت মওসূফ, صغيرة সিফাত মিলে মুবতাদা, له উহ্য كائنة এর সাথে মুতাআল্লিক হয়ে হয় সিফাত, মওসূফ উভয় সিফাত মিলে মুবতাদা, معه উহ্য موجودة শিবহে ফে'লের সাথে মুতাআল্লিক হয়ে খবর।

www.islamijindegi.com

حكايت -١٩ : حُكِىَ أَنَّ النَّبِىَّ صَلَّى اللّٰهُ عليه وسلمَ خَرَجَ لِصَلٰوةِ العِيْدِ وَالصِّبْيَانُ يَلْعَبُوْنَ وفِيْهِم صَبِىٌّ جَالِسٌ فِىْ نَاحِيَتِهٖ يَبْكِىْ وعَلَيْهِ ثِيابٌ خَلِقَةٌ - فَقال لهٗ النَّبِىُّ صلَّى اللّٰهُ عليْه واله وسلمَ : ايُّها الصَّبِىُّ مَالكَ تبْكِىْ ولَا تَلْعَبُ مَعَ الصِّبْيانِ؟ فَقَال لهٗ الصَّبِىُّ وهُوَ لمْ يَعْرِفْ اَنَّهٗ النَّبِىُّ صَلَّى اللّٰهُ عليْهِ وآلهٖ وسلَّمَ : خَلِّ عَنِّىْ ايُّهَا الرَّجُلُ ! فَاَنَّ اَبِىْ مَاتَ فِىْ غَزْوَةِ كَذَا مَعَ النَّبِىِّ صلَّى اللّٰه عليْه وآلهٖ وسلَّمَ فتَزَوَّجَتْ اُمِّىْ بِزَوْجٍ غَيْرِهٖ ، فَاَكَلَا مَالِىْ وَاخْرَجَنِىْ زَوْجُها مِنْ بَيْتِهٖ ،ولَيْس لىْ طَعامٌ ولَا شرابٌ ولا ثِيابٌ وَلا بَيْتٌ اٰوِىْ اِلَيْهِ - فَلمَّا رَاَيْتُ الصِّبْيَانَ ذَوِى الْاَباءِ يَلعَبُوْنَ وَعَليْهِمُ الثِّيابُ تَجدَّدَ حُزْنِىْ ومُصِيْبَتِىْ فَلِذٰلكَ بَكيْتُ - فَاَخَذَ النَّبِىُّ صَلى اللّٰه عليْه واله وسلم بِيَدِهٖ وقَال لهٗ : اَمَا تَرْضٰى اَنْ اَكُوْنَ لَكَ اَبًا وعَائِشَةَ رض اُمًّا وفَاطِمَةُ رض اُخْتًا وعَلِىٌّ رض عَمًّا والحَسَنُ رض والحُسَيْنُ رض اِخْوَةً ؟ فقالَ كَيْفَ لَا اَرْضٰى يَا رسولَ اللّٰهِ ! فحَمَلهٗ اِلٰى مَنْزِلهٖ وَاَلْبَسَهٗ اَحْسَنَ الثِّياب وَزَيَّنَهٗ وَاَطْعَمَهٗ وَاَرْضَاهٗ - فَخَرَجَ ضَاحِكًا مَسْرورًا يَعْدُوْ الٰى الصِّبْيانِ - فَلَمَّا رَاَوْهُ قَالُوْا لهٗ : اَنْتَ اَلْاٰنَ كُنتَ تَبْكِىْ فَما لكَ صِرْتَ مَسْرُوْرًا ؟ فَقَال كنتُ جَائِعًا فشَبِعْتُ وعَارِيًا فَاكْتَسَيْتُ ويَتِيْمًا فصَارَ رسولُ اللّٰهِ صلَّى اللّٰهِ عليه وآلهٖ وسلّمَ اَبِىْ وعَائِشَةُ رض اُمِّىْ وفَاطِمَةُ رض اُخْتِىْ وعَلِىٌّ رض عَمِّىْ وَالحَسَنُ رض وَالحُسَيْنُ رض اِخْوَتِىْ! فقالَ الصِّبْيانُ : لَيْتَ اٰبَاءَنَا كلُّهم مَاتُوْا فِىْ تِلْكَ الْغَزْوَةِ ! وَاسْتَمَرَّ الصَّبِىُّ عِنْدَ النَّبِىِّ صلى اللّٰه عليْه والهٖ وسلَّمَ حتّٰى قُبِضَ - فَخَرَجَ يَبْكِىْ ويَحْثُوْ التُّرَابَ عَلٰى رَاْسِهٖ ويَقُوْلُ : اَلْاٰنَ صِرْتُ يَتِيْمًا ،الاٰنَ صرتُ غَرِيْبًا - فضَمَّهٗ اَبُوبكرٍ اِلٰى نَفْسِهٖ -

www.islamijindegi.com

(১৯) ঈদের দিনে এতিম শিশু

অনুবাদ॥ বর্ণিত আছে, একদা মহানবী (সা) ঈদের নামায পড়ার উদ্দেশ্যে বের হলেন। (মাঠে) বালকরা (মনের আনন্দে) খেলছিলো। তাদের মধ্যে একটি বালক (মাঠের এক প্রান্তে) বসে কাঁদছিলো। তার পরনে ছিলো পুরাতন কাপড়। মহানবী (সা) তাকে বললেন, বৎস? কী হয়েছে তোমার? কাঁদছো কেন তুমি? অন্য শিশুদের সাথে খেলছো না কেন? বালকটি মহানবী (সা)-এর পরিচয় জানতো না। (সুতরাং) সে মহানবী (সা) কে বললো, জনাব আমাকে নিজের অবস্থায় থাকতে দিন। আমার পিতা অমুক যুদ্ধে মহানবী (সা)-এর সাথে গিয়ে শাহাদাত বরণ করেছেন। এরপর আমর মা ভিন্ন স্বামী গ্রহণ করেছেন। তারা স্বামী স্ত্রী মিলে আমার সম্পদ আত্মসাৎ করে নিয়েছে। আমার মায়ের স্বামী আমাকে তাঁর ঘর থেকে বের করে দিয়েছেন। আজ আমি পানাহার, বস্ত্র ও আশ্রয়হীনতায় নিঃস্ব হয়ে পড়েছি। এ সকল বালকদের আব্বু রয়েছে। তারা খেলা করছে, নতুন নতুন জামা পরেছে। এসব দেখে আমার অসহায়ত্ব ও দুঃখের কথা মনে পড়ায় আমি কাঁদছি।

মহানবী (সা) বালকটির হাত ধরে বললেন, (আজ থেকে) আমিই তোমার আব্বু, আয়েশা তোমার আম্মু, ফাতিমা তোমার বোন, আলী তোমার চাচা এবং হাসান হুসাইন তোমার দু'ভাই। তুমি কি সন্তুষ্ট নও? বালকটি (বুঝতে পারলো -ইনিই আল্লাহর রাসূল (সা) বালকটি বললো, হে আল্লাহর রাসূল! (সা) এতোকিছু পেয়েও আমি কি সন্তুষ্ট না হয়ে পারি? এরপর মহানবী (সা) তাঁকে নিজ গৃহে নিয়ে গেলেন এবং সুন্দর জামা পরিয়ে সুসজ্জিত করলেন এবং তৃপ্তি সহকারে আহার করালেন। এতে বালকটি খুশি হয়ে হাসতে হাসতে অন্য বালকদের নিকট দৌড়ে গেলো। তারা তাকে বললো, কিছুক্ষণ পূর্বে না তুমি কাঁদছিলে? (মুহূর্তের মধ্যে) এমন কী হলো যে, তুমি খুশিতে আত্মহারা হয়ে গেলে? বালকটি বললো, আমি অনাহারে ছিলাম, পরিতৃপ্ত হয়েছি। পোষাকহীন ছিলাম, পোষাক পেয়েছি। আমি এতিম ছিলাম, মহানবী (সা) কে আমার পিতারূপে পেয়েছি।

হযরত আয়শা আমার আম্মু, হযরত ফাতিমা আমার বোন, হযরত আলী আমার চাচা, আর হাসান হুসাইন আমার ভাই হয়েছেন। বালকরা একথা শুনে বললো, হায়! আমাদের পিতাও যদি সেই রণাঙ্গনে শহীদ হতেন। বালকটি মহানবী (সা)-এর আশ্রয়েই অবস্থান করতে লাগলো। যে দিন মহানবী (সা) এ নশ্বর পৃথিবী ত্যাগ করলেন বালকটি সেদিন কাঁদতে কাঁদতে রাস্তায় বেরিয়ে স্বীয় শিরে মাটি নিক্ষেপ করছিলো, আর বলছিলো, আজ আমি এতিম হয়ে গেলাম। আজ আমি এতিম হয়ে গেলাম। এরপর আবু বকর (রা) বালকটিকে নিজের পরিবারের সদস্য করে নিলেন।

তাহকীক : صِبْيَان : صَبِيٌّ এর বহুঃ বালক, চোখের মনি, অনান্য বহুঃ صَبْيَةٌ صَبْوَةٌ -

www.islamijindegi.com

خَلَقَةٌ : পুরাতন, ছিঁড়া ফাটা, বহুঃ اَخْلَاق - خُلُقَان (ن) خَلَقَ خُلقًا ছিঁড়াফাটা হওয়া।

غَزْوَة : যুদ্ধ, যাতে নবী করীম (সা) অংশ গ্রহণ করেছেন, অন্যথায় তাকে سَرِيَّة বলা হয়। বহুঃ غزوات - (ن) الغزو যুদ্ধ করা, غازى যোদ্ধা, ناقص واوى -

اُوِىْ : واحد متكلم - مضارع - باب ضرب আমি আশ্রয় নেবো, ماوى আশ্রয়স্থল, (ض) اواء اويا أوى আশ্রয় দেয়া, অবতরণ করা, ঠিকানা গ্রহণ করা, مهموز فا ولفيف مقرون -

---

তারকীব : وَفِيْهِمْ صَبِيٌّ جَالِسٌ فِىْ نَاحِيَةٍ يَبْكِىْ : فيهم উহ্য موجود এর সাথে মুতাআল্লিক হয়ে خبر مقدم - صبى মওসূফ, جالس - فى ناحية এর সাথে মুতাআল্লিক হয়ে ১ম সিফাত, يبكى জুমলা হয়ে ২য় সিফাত, মওসূফ সিফাত মিলে مبتداء مؤخر।

اَيُّهَا الصَّبِىُّ مَالَكَ : اى এর আগে يا হরফে নেদা মাহযূফ রয়েছে, ها টি تنبيه এর জন্যে যায়েদা, اى মুবদাল মিনহু, الصبى বদল মিলে মুনাদা, ما - اى شى এর অর্থে মুবতাদা, لك উহ্য وقع এর সাথে মুতাআল্লিক হয়ে খবর, মুবতাদা -খবর মিলে جواب ندا অতঃপর جملہ ندائيه انشائيه -

فَلَمَّا رَاَيْتُ الصِّبْيَانَ ذَوِى الْاَبَاءِ : ذوى الاباء মুরাক্কাবে ইযাফী হয়ে رأيت এর ২য় মাফউল, الصبيان ১ম মাফউল, يلعبون এবং وعليهم الثياب মা'তুফ মা'তূফ আলাই মিলে ৩য় মাফউল, এসব মিলে শর্ত, تجدد حزنى ومصيبتى হলো জুমলা হয়ে জাযা, শর্ত ও জাযা মিলে جمله شرطيه -

وَقَالَ لَهُ اَمَا تَرْضَ اَنْ الخ : قال له হলো قول, اما হরফে তাম্বীহ, ترضى ফে'ল ফায়েল, ان মাসদারিয়্যা, اكون ফে'লে নাকিস, انا যমীর ইসম, لك মুতাআল্লিক, ابا খবর মিলে মা'তূফ আলাইহি, সামনে عائشة اما এর আগে একটা করে فعل ناقص মাহযূফ রয়েছে, প্রত্যেকটি ভিন্ন ভিন্ন জুমলা (অর্থাৎ تكون عائشة اما وتكونُ فَاطِمَةُ اُخْتًا) হয়ে মুফরাদের তাবীলে ترضى এর মাফউল হবে। অথবা اما এর হামযাটি হরফে ইস্তিফহাম, আর ما শব্দটি نافيه ও বলা যেতে পারে বাকী তারকীব একই রকম।

www.islamijindegi.com

حكايت - ٢٠: حُكِيَ اَنَّهُ كَانَ مَلِكٌ مِّنْ مُلُوْكِ الْكُفَّارِ جَائِرٌ فِيْ زَمَنِ دَاوُدَ عليه السلامُ فَاسْتَعْدَى النَّاسُ عليه الى داود عَلَيْهِ السلامُ. قالُوا لَهُ : يَا نَبِيَّ اللّٰهِ! اَنْصِفْنَا مِنْهُ . فَاِنَّهُ قَتَلَ وسَبَى . فَاَمَرَ دَاوُدُ بِصُلْبِهِ . فَصُلِبَ فَوْقَ الْجَبَلِ عَشِيًّا وتَفَرَّقَ النَّاسُ عَنْهُ اِلَى مَنَازِلِهِمْ . وصَارَ عَلَى الْخَشَبَةِ وَحْدَهُ . فتضَرَّعَ الى اٰلِهَتِهِ فَلَمْ يُغْنُوْا عَنْه شَيْئًا . فَتَضَرَّعَ الى الشَّمْسِ وَالْقَمَرِ وَقَالَ عَبَدتُّكُمَا لِتَنْفَعَانِيْ اِذْ اَصَابَتْنِيْ بَلِيَّةٌ . فَانْفَعَانِيْ . فلَمْ يُغْنِيَا عنْه شَيْئًا . فَرَجَعَ اِلَى اللّٰهِ تَعَالٰى وذَكَرَهُ بِاَسْمَائِهِ وابْتَهَلَ اِلَيْهِ . وقَالَ يا رَبِّ! عَصَيْتُكَ وعَبَدْتُّ غَيْرَكَ فلَمْ اَنْتَفِعْ بِهِ واُتَيْتُكَ اَنْتَ الحَقُّ لِتُغِيْثَنِيْ فَاَغِثْنِيْ بِرَحْمَتِكَ . فقال اللّٰه تعالٰى : هٰذا عَبْدَ اٰلِهَتَهُ طَوِيْلاً فلَمْ يَنْتَفِعْ بِهِمْ وفَزِعَ اِلَيَّ ودَعَانِيْ فَاسْتَجَبْتُ لَهُ . فَاِنِّيْ اُجِيْبُ دَعْوَةَ الْمُضْطَرِّ اِذاَ دَعَانِيْ . فَاهْبِطْ يَاجِبْرَائِيْلُ الى عَبْدِيْ هٰذاَ ، وَضَعْهُ عَلَى الْاَرْضِ فِيْ سَلَامَةٍ وعَافِيَةٍ . ففَعَلَ جِبْرَائِيْلُ ذٰلِكَ . فلَمَّا اَصْبَحُوْا ذَهَبُوْا الى دَاوُدَ (عليه السلام) وقَالُوْا لَهُ اِئْذَنْ لَنَا فِيْ اِلْقَائِهِ عَنِ الْخَشَبَةِ . فَاَذِنَ لَهُمْ فَلَمَّا وَصَلُوْا اِلَيْهِ وجَدُوْهُ حَيًّا سَالِمًا عَلَى الْاَرْضِ . فاَخْبَرُوْا دَاوُدَ بِذَالِكَ . فذَهَبَ اِلَيْهِ فوَافَاه كَما قَالُوْا . فصَلّٰى دَاوُدُ رَكْعَتَيْنِ وقَال : يَارَبِّ اَخْبِرْنِيْ بِمَا اَرٰى مِنَ الْعَجَائِبِ ! فَاَوْحَى اللّٰهُ تَعَالٰى اِلَيْه : يَادَاوُد ! اِنَّ هٰذا الْعَبْدَ تَضَرَّعَ اِلَيَّ فَاسْتَجَبْتُ لَهُ واِنِّيْ لَوْ لَمْ اَسْتَجِبْ لَهُ كَمَا لَمْ تَسْتَجِبْ لَهُ اٰلِهَتُهُ فَاَيُّ فَرْقٍ بَيْنِيْ وَبَيْنَهَا ؟ وكَذٰلِكَ افْعَلُ بِمَنْ اَنَابَ اِلَيَّ يَا دَاوُدُ! اَعْرِضْ عَلَيْهِ الْاِيْمَانَ . فاَنَّهُ يُؤْمِنُ ويُحْسِنُ ايمانَه وانا اقولُ الحَقَّ واَهْدِي السَّبِيْلَ .

www.islamijindegi.com

(২০) শূলিতেও তার মৃত্যু হলো না

অনুবাদ॥ বর্ণিত আছে, হযরত দাউদ (আ)-এর আমলে ছিলো এক অত্যাচারী কাফির বাদশাহ্। প্রজাবর্গ তার বিরুদ্ধে হযরত দাউদ (আ)-এর সমীপে সাহায্য প্রার্থনা করলো। তারা আরয করলো, হে আল্লাহ্র নবী! তার ব্যাপারে আপনার নিকট ন্যায় বিচার চাই। কেননা (অন্যায়ভাবে অনেককে) সে হত্যা করেছে। আর (অনেককে) কারারুদ্ধ করেছে। হযরত দাউদ (আ) তাঁকে শূলিতে ঝুলানোর নির্দেশ দিলেন, পাহাড়ের চূড়ায় নিশিরাতে তাকে শূলিতে ঝুলানো হলো। লোকজন নিজ নিজ গৃহে ফিরে গেলো, সে একাই শূলিতে রয়ে গেলো। সে তার মা'বুদের নিকট (নিজ মুক্তির ব্যাপারে) কান্নাকাটি করলো কিন্তু এতে কোনো উপকার হলো না। অতঃপর চাঁদ সুরুজের নিকট কেঁদে কেঁদে বললো, আমি তোমাদের উপাসনা করেছি যাতে কোনো মসিবতে পড়লে আমায় সাহায্য করো, সুতরাং এখন আমার উপকার করো। এরাও তার উপকারে আসলো না।

এরপর সে আল্লাহর দিকে মনোনিবেশ করলো এবং আল্লাহু নামসমূহ ধরে তাঁকে ডাকলো এবং বললো, হে আল্লাহ! আমি তোমার অবাধ্য হয়ে (এযাবত) অন্যের এবাদতে মত্ত ছিলাম, কিন্তু তাদের দ্বারা আমার কোনোই উপকার সাধিত হয়নি, অসহায় হয়ে আমি তোমার দরবারে এসেছি, তুমিই সত্য। অতএব তুমি নিজ করুণায় আমাকে সাহায্য করো। আল্লাহ তা'আলা বললেন, আমার এ বান্দা দীর্ঘদিন যাবত ভ্রান্ত মা'বুদের ইবাদত করেছে। কিন্তু তাদের দ্বারা সে কোনো উপকার পায়নি। ভীত হয়ে আজ আমার দরবারে এসেছে এবং আমাকে আহ্বান করছে। কাজেই আমি তার ডাকে সাড়া দিলাম। নিশ্চয়ই আমি অসহায়ের ডাকে সাড়া দেই। সুতরাং হে জিব্রাঈল। আমার এ বান্দার কাছে যাও। তাকে নিরাপদে যমীনের ওপর নামিয়ে রাখো। হযরত জিব্রাঈল (আ) তা ই করলেন। ভোরে লোকজন হযরত দাউদ (আ) নিকট সমবেত হয়ে লোকটিকে শূলি থেকে নামানোর অনুমতি প্রার্থনা করলো। হযরত দাউদ (আ) অনুমতি প্রদান করলেন। লোকেরা শূলির নিকট গিয়ে লোকটিকে অক্ষত ও জীবন্ত অবস্থায় দেখতে পেলো।

হযরত দাউদ (আ) কে তারা এ বিষয়ে অবহিত করলো। হযরত দাউদ (আ) সেখানে গিয়ে লোকদের কথামতই তাকে দেখতে পেলেন। দাউদ (আ) দু'রাকাত নামায আদায় করে ফরিয়াদ জানালেন, হে আমার পালন কর্তা! যে বিস্ময়কর বিষয় আমি দেখছি এ বিষয়ে আমাকে অবহিত করুন। আল্লাহ তা'আলা হযরত দাউদ (আ)-এর নিকট ওহী প্রেরণ করলেন, হে দাউদ! আমার এ বান্দা কেঁদে কেঁদে আমার নিকট প্রার্থনা করেছে, আমি তার প্রার্থনা অনুমোদন করেছি। আমি যদি তার প্রার্থনা কবুল না করতাম, তবে তার ভ্রান্ত মা'বুদদের এবং আমার মাঝে পার্থক্য থাকলে কি? এমন প্রত্যেকের সাথে আমি এরূপ করি যে আমার প্রতি ধাবিত হয়। হে দাউদ! তুমি তার নিকট ঈমান পেশ করো, সে ঈমান আনবে এবং তার ঈমান উত্তম হবে। আমি সত্য বলি এবং সঠিক পথের সন্ধান দেই।

www.islamijindegi.com

তাহকীক : جَائِرٌ : واحد مذكر ـ اسم فاعل (ن) الجَوْرُ الجَوْرَةُ জুলুম করা। جَائِرٌ অত্যাচারি اجوف واوی

اِسْتَعْدٰى : واحد مذكر غائب ـ ماضى ـ استفعال ـ الاستعداء সাহায্য চাওয়া, ناقص واوى -

سُبِىَ : واحد مذكر ـ ماضى معروف (ض) السبي বন্দি করা, ناقص يائ -

صُلِبَ : শুলে চড়ানো, মাসদার বাবে نصر -

عَشِيًّا সন্ধ্যা, রাতের প্রথমভাগের অন্ধকার।

اِبْتَهَلَ: واحد مذكر ـ ماضى ـ افتعال - الابتهال কান্না-কাটি করা।

تُغِيْثُ : واحد مذكر حاضر ـ مضارع معروف ـ افعال ـ الاغاثة সাহায্য করা, اجوف واوى -

فَزِعَ : واحد مذكر غائب ـ ماضى (س) الفزع ভীত-সন্ত্রস্ত হওয়া, بصله الى আশ্রয় চাওয়া।

مُضْطَرٌّ : واحد مذكر ـ اسم فاعل ـ افتعال ـ الاضطرار বাধ্য করা বা হওয়া, مضاعف ثلاثى। افتعال এর فا কালেমায় ض আসায় ت টি ط হয়ে গেছে।

وَافَا : واحد مذكر ـ ماضى ـ مفاعلة ـ الموافات এবং ثلاثى হতে الوفاء (ض) পূর্ণ করা, لفيف مفروق -

أَنَابَ : واحد مذكر ـ ماضى ـ افعال ـ الانابة রুজু কর, শরণাপন্ন হওয়া, اجوف واوى -

---

তারকীব : كَانَ مَلِكٌ مِّنْ مُلُوْكِ الْكُفَّارِ الخ : من ملوك الكفار উহ্য كائن এর সাথে মুতাআল্লিক হয়ে ملك এর সিফাত, ملك মওসূফ সিফাত মিলে كان এর ইসম, جائرا খবর, আর في زمن داؤد মুতাআল্লিক كان এর সাথে– قتل كثيرا এর মাফউল মাহযূফ রয়েছে অর্থাৎ قتل وسبى ـ فَإِنَّهُ قَتَلَ وَسَبٰى مِنَ النَّاسِ والخ -

تفرَّق النَّاسُ عَنْهُ الى الخ : الى منازلهم উহ্য ذاهبين এর সাথে মুতাআল্লিক হয়ে الناس এর হাল।

هٰذَا عَبْدُ الْهِتَةُ طَوِيْلًا : هذا মুবতাদা, طويلا সিফাতের মওসূফ زمانا উহ্য রয়েছে। মওসূফ সিফাত মিলে عبد এর মাফউলে ফীহ, জুমলা হয়ে هذا এর খবর হবে।

www.islamijindegi.com

حكايت - ٢١ : حُكِيَ عَنْ بَعْضِ الزُّهَّادِ قال خرجتُ حَاجًّا فرايتُ امْرأةً تَمْشِي بلا زَادٍ ولا رَاحِلَةٍ . وهِيَ تذكرُ اللّٰهَ تعالٰى وَتُثْنِي عَلَيْه . فدنوتُ مِنْهَا . فقلتُ : يَا امَةَ اللّٰهِ ! الى أيْنَ؟ قالتْ : الى بَيْتِ اللّٰهِ الحرامِ . فقلتُ مَا ارٰى مَعَكِ زادًا ولا راحلةً؟ فقالتْ : لوْ اِتَّخَذَ احدُكُمْ ضِيَافَةً ودَعَا النَّاسَ اليْهَا فهَلْ يَحْسنُ لاَضْيافِه أن يَّجِيْءَ كلُّ واحدٍ بطعامِه؟ قلتُ لا . فقالتْ فضِيافَةُ اللّٰهِ احقُّ بِهٰذا . فجاءَتْ مَعَنا حتّٰى نَزَلْنَا بالابْطحِ وهِيَ تقولُ :أيْنَ بيتُ رَبِّيْ ؟ فقِيْل تنظُرِيْنَهُ الْاٰنَ . فجاءَتْ حتّٰى دخلتِ الْمَسْجِدَ . فقِيْل لهَا : هٰذا بيتُ رَبِّكَ . فجاءتْ ووَضَعَتْ رَاسَهَا على عَتَبَةِ الْكعبةِ وصارَتْ تَقُوْلُ : هٰذا بَيْتُ رَبِّيْ ، وتُكَرِّر ذٰلكَ ، حتّٰى خَفِيَ صَوتُها . فنَظَرْنَا اليْها ، فَاِذا هِيَ قدْ ماتَتْ . رَحِمَهَا اللّٰهُ تعَالٰى .

(২১) কা'বার পথে যাচ্ছে নারী

অনুবাদ॥ কোনো এক বুযুর্গ বলেন, একদা আমি হজ্বের নিমিত্তে বের হলাম। পথিমধ্যে সামান ও বাহনহীন এক মহিলাকে পথ চলতে দেখলাম। সে মহান আল্লাহর তাসবীহ পড়ছে। তার নিকটবর্তী হয়ে আমি জিজ্ঞেস করলাম, হে আল্লাহর বান্দী! কোথায় যাচ্ছেন আপনি? তিনি বললেন, আল্লাহর পবিত্র গৃহ কা'বার দিকে যাচ্ছি। আমি বললাম, আপনার সঙ্গে সামান ও বাহন কিছুই দেখছি না যে? তিনি বললেন, তোমাদের কেউ যদি মেহমানদারীর আয়োজন করে এবং মানুষজনকে দাওয়াত করে তবে মেহমানদের জন্যে কি নিজ নিজ খাবার সঙ্গে নিয়ে আসাটা সমীচীন হবে? আমি বললাম, না।

তিনি বললেন, আল্লাহর মেহমানদারী তো তাহলে এরচে বেশি (খাবার না আনার) হকদার (উপযোগী)। (চলতে চলতে) আমরা যখন আবত্বাহ্ নামক স্থানে অবতরণ করলাম, মহিলাটি তখন বললেন, কোথায় আমার প্রভুর ঘর? তাকে, বলা হলো– এইতো, এখনি দেখতে পাবেন। এরপর যখন তিনি মাসজিদুল হারামে প্রবেশ করলেন, তখন তাকে বলা হলো, এটাই আপনার প্রভুর ঘর। অতঃপর

www.islamijindegi.com

মহিলাটি এসে কা'বার কপাটে মাথা রেখে (আবেগভরে) "এটাই আমার প্রভুর ঘর" বারবার শুধু একথাই বলছিলো। এক সময় তার স্বর নিম্নগামী হয়ে আসলো, আমরা তার প্রতি তাকিয়ে দেখলাম, (তিনি আর এ জগতে নেই)। মৃত্যুর কোলে ঢলে পড়েছেন। আল্লাহ তার প্রতি রহম করুন।

তাহকীক : زُهَّاد ـ زاهِد দরবেশ, দুনিয়া বিরাগী, (س ف ك) اَلزُّهْدُ والزَّهَادَةُ - بِصلة فِيْ وعَنْ অনাগ্রহভাবে ত্যাগ করা।

زَادٍ : সম্বল, জীবিকা, বহুঃ ازواد ـ (ن) الزود সম্বল নেয়া, اجوف واوى -

رَاحِلَةٍ : বাহন, সোয়ারী।

اَبْطَحُ : বহুঃ اباطح পাথুরে ভূমি, পাথর কণাবিশিষ্ট নালা।

عَتَبَةُ : চৌকাঠ, সিঁড়ির স্তর বা ধাপ, বহুঃ عتبات ـ عتب -

তারকীব : خَرَجْتُ حَاجًّا : خرجت ফে'ল, ت যমীর জুলহাল, حاجا হাল মিলে ফায়েল, ফে'ল ফায়েল মিলে جملہ فعلیہ -

فَرَأيْتُ امرأة تَمْشِيْ الخ : فرايت ফে'ল ফায়েল, امراة মওসূফ, تمشى ফে'ল ফায়েল, بِلَا زَادٍ ولا راحلَةٍ - تَمْشِيْ এর সাথে মুতাআল্লিক হয়ে সিফাত...।

فَضِيَافَةُ اللّٰهِ احَقُّ بِهٰذا : فا টি فصيحية যা উহ্য শর্ত বুঝায়, এখানে উহ্য শর্তটি হলো -

اِذَا لَمْ يُحْسِن للضِّيَافَةِ اَنْ يَجِيْئَ كُلُّ واحدٍ مِّنْهُمْ بِطَعَامِهٖ فِىْ بَيْتِ الْمُضِيْفِ فضيافةُ اللّٰه احقُّ بِهٰذا ـ

